

বামনভিক্ষা

नाहेक।

" সর্ক ভূতাত্ম ভাবেন ভূতাবাসো হ্রক্তিবান্। আরাধ্যোপি ভ্রারাধ্যো বিষ্ণোন্তৎ প্রমংপদং "

শ্রীভোলানাথ মুথে পাধ্যায়

817*

প্রকাশক

শ্রীবিশ্বস্তর লাহা।

কলিকাতা

চিৎপুর রোড্বটতলা ১১৫ নম্বর ভবন।

সন ১২৮২ সাল তারিখ ৩১ জ্যৈষ্ঠ।

ইংরাজী ১৮৭৫ সাল তারিখ ১৩ জুন!

মূল্য । 🗸 ও ছয় আৰা ।

न र कबार्यक

1 Septes

कुक यटकान श्रेषामः

গ্রন্থকারের নিবেদন।

এই "বামনভিক্ষা নাটকখানি ,, আমি শ্রীমন্তাগবতের অফুমক্ষন্দের আভাষাত্মারে প্রস্তুত করিয়াছি, বামনদেবের উপনয়ন এবং বলিরাজার নিকটে বামনদেবের
ত্রিপাদ ভূমি গ্রহণ এবং বলিরাজার পাতালে গমন ইহাই
ইহাতে বর্ণিত হইয়াছে, শ্রীযুক্ত বাবু বিশ্বস্তুর লাহা মহাশয়
এ নাটক খানী আমাকে প্রস্তুত করিতে বলিয়াছিলেন,
তদত্মারে এবং তাঁহার যুদ্ধে ও ব্যয়ে ইহা মুদ্রিত ও প্রচারিভ হইল। এক্ষণে পাঠক মহাশয়ের। ভগবত গুণকীর্ত্রন
বলিয়া পাঠ করিলে শ্রম সকল অমুভব করিব; নিবেদন
ইতি।

মুখোপাধ্যায়োপাধিক। জীভোলানাথ শর্মা।

আপনার মুখ আপনি দেখ, কিছু কিছু বুঝি, প্রভাগযজ্ঞ ১ম ২য় এবং ৩য় থপ্ত, প্রভাসমিলর, মৈধিলী মিলন
নাটক, চিত্তরঞ্জন পাঁচালী, পত্তা শ্রীমদ্যাগবত ১ম ও ২য়
কন্দ, ক্ষান্থেষণ, নলদময়ন্তী, দ্রুবযোগাখ্যান, তুর্নাসা
পারণ, রামেররাজ্য প্রাপ্ত, কলস্কভঞ্জন, মানভিক্ষাদি নাটকও কএক খানিজন্যান্য পুত্তক প্রণেতা!

नाष्ट्रीक्षिथिত राक्तिश्व।


পুরুষ ।

ক্ষাপ , মুনি বিশেষ, বামনের পিতা।
বামন , ভগবানের অবতার বিশেষ, কশ্যপপুত্ত
নারদ , , দেবঋষি।
হর , ' মহাদেব।
বলি , , দৈতারাজ।
শুক্রাচার্যা , দৈতাগুরু।

অদিতি , , বামনের মাতা। কশ্যপপত্নী।

পার্ক্তী , , শিব শক্তি। প্রভাবতী , ' অদিতির প্রতিবাসিনী। অন্নপূর্ণা , , শিব শক্তি।

সেবারাম, শোভারাম, কশ্যপের পুরোহিত, বিরুপাক, লোহিতাক, তর্কবার্গাশ, বিস্তাবার্গীশ ইত্যাদি।



(কএকথানী কদলীবাকল হত্তে লইয়া কশ্যপের প্রবেশ।)

(কদনীবাকন রাখিয়া স্থগত) অদিতি বুঝি জন আনয়ন কোত্তে গ্যাচে? বামনদেবের যে উপনয়ন হবে এ সংবাদ সে এখন পায় নাই। কেমন কোরেই পাবে? অন্তকার দিনটি ভালদেখে, আমার বিশেষ মন হোতে বাকল কথানি কেটে এনেচি: কোনমতে वामनत्मवत्क खान्त्रव कता नित्य विषय, आमात धुमधा-মের প্রয়োজন কি আছে? লোকে ভাষা কথায় বলে '' বিষয় থাকলে ব্যবস্থা ,, বিষয় যথন নাই, তথন আর কি ব্যবস্থা কোরবো? এখন কোনমতে গলায় সুতোগাছটা ভূলে দিতে পাল্লে হয় (ক্ষণেক পরে) প্রধানকার্য্য যে গুলী, তাহা ভাল কোরে কোত্তে হবে : '' মন্ত্রপাঠ ও ৰহ্মিস্থাপন ,, এবিষয়ে ক্ষোভ রাখবোনা. আর ব্রহ্মচার্য্য যেমন কোরে শিথাতে হয়, তাহা বামনদেবকে ভালকোরে শেখাব। (ক্লণেকপরে) অনর্থক বোসে আছি কেন, খোলাগুলী কেটে রাখলে তো একটা কাজ এগিয়ে থাক্বে ? (থোলা কাটিতে কাটিতে) কুষ, কেশে সরমুঞ্জরী বেউড় বাঁশ প্রভৃতিও

আত্তে হবে ; তবে তার জন্ম বড় দূরে যেতে হবে ন। , সে সকলই নিকটে পাব !

(বামনদেব অগ্রেও কলশী কক্ষে লইয়া অদিতির প্রবেশ)

जिमि! ध कि शिष्ठ ?

কশু। প্রিয়ে! কল্য একটা অতি উত্তম দিন আছে? গ্রহ তিথি নক্ষত্র করণ ও যোগের এমত যোগ হওয়া অস-স্তব; মনে মনে কোরেছি, কল্যই বামনদেবের উপ-নয়ন কার্য্য সমাধা কোরবো।

জাদি। তা কেমন কোরে হোতে পারে? আমার যে আর কন্তা পুজ হবে, এমত অনুভব করিনে; বামন আমার কনিষ্ঠ পুজ ; আমি মনে মনে কোরে আছি, যে বাম-নদেবের পইতেটি একটু ঘটাকোরে দিব; পাঁচজন লোকেও আমাকে বোলে রেখেচে, যে বামনদেবের প্রতিটা ভাল কোরে দিয়ে আমাদের নিমন্ত্রণ করিম। (কলহাইতে কল্মা ভূমে রাখিয়)) একাজ চুপ্ চুপ্ আমি কোনজমেই কোতে দিবনা।

शीख ।

বালিনী কান্যাংড়া। তাল একতালা।
তপোধন নিবেদন বলিছে চরণে।
বাসনা এমন জামি কোরে আছি মনে।
বামনের উপনয়ন, লয়ে জাতি বলুগনঃ
করিব হে সমর্পন, সন্তোধিব জনে।
গোপনেতে এবিধয়, যদি কর মহাশয়,
প্রাণতাজিব নিশ্চয়, গিয়ে হে জাবনে।

- কগ্ন। প্রিয়ে! তুমিকি পাগল হোয়েছ নাকি? ঘটা
 কোরবা মনে কল্লেই কি ঘটা কোত্তে পারা যায়?
 ঘটার ঘটা কোথা বল দেখি? আমি গরিব ব্রাহ্মণ
 আমার দশকভার সমস্থান নাই, দশজন লোককে নিমদ্রণ কোরে কি একটা ধাইটমো কোরবো? কোনমতে বামন দেবের পইতেটা দিয়ে বামন কোত্তে
 পালে হয়।
- অদি। লোকের বাড়ী দশদিন খেয়ে একদিন না খাও-য়ালে তাতে কি ধাষ্টমো হয়না ?
- কশু। ওরে! ভগবান যাকে দিয়েছেন, আর যার তপ্শু।
 ভাল, সেই থাওরার; খাওরাব মদ্ধে কোলেই লোক
 লোককে খাওয়াতে পারেনা? একজন বিপুল বিভবের
 অবিপতি হোয়েও জকের মতন টাকা বুকে কোরে
 পোড়ে থাকে, সংকর্মে কি কোন কর্মকার্য্যে একটী
 গ্রসা খরচ কোতে পারেনা; আর একজন নিঃস্থব্যক্তিও ভিক্ষা শিক্ষা কোরে এনে অনায়াসেই দশ
 টাকা খরচ কোরে ব্সে।
 - জানি। এতো আপনি ভাল কথাই বেলৈন ? সংকর্মেও আহার ব্যবহারে ভিক্ষাকোরেও ধর্ম ও মানরকা কোঁতে হয় ?

গীত।

রাগিণী কান্ডাংজ। তাল একতানা।
ভালকথা আপনিতো বলিলে ধান।
লোকাচার ধর্মাদিতে রাখিবেক মান।।
বামনের উপ্লেম্মনে, দবে আছে কোরে মনে,

আদিবে মম ভবনে, লভিবে স্মান। এ কার্য্য হে তপোধন, না জানিলে জনগণ, বল হইবে কেমন, হব হতমান।।

কশু। বামনদেবের পইতের জগু আমাকে ভিকা কোঁতে বল নাকি?

খিদি। দেখুন, আপনার সঙ্গে বাক কাটা কাটি কোতে আমি ইচ্ছা কজিনে' আপনার বাক্য লপ্তন কোলে আমার পাতিব্রত্যে দোষারোপিত হয়। তবে এই আমি একটা কথা বোলে রাখি, যন্তপি বামনদেবের পাইতেটি ঘট্টা কোরে দিতে পারেন, তবে দিন, তাতে আমার অমত নাই; নতুবা কল্য কোনক্রমেই আপনি বামনদেবের পাইতে দিতে পারবেন না?

কগা। এর পর বাড়বে কি ? কপাল ফুঁড়ে টাকা বেরুবে নাকি ?

অদি। হাঁগা। সমস্ত দেবগণের বিনি পিতা; তিনি কি
মনেকোল্লে বাননদেবের পইতেটা একটু ঘটা কোরে
দিতে পারেন না? আপনার মনের ভাব আমি ব্রতে
পেরেছি, ছেলেটা বামনবোলে উহার প্রতি ঘেলা
জন্মহে, লোকের এফট ছেলেকাণা খোঁড়া কি অশোরী হোলে পিতা মাতার তারই উপর স্নেহ
অধিক হয়; আপনাকে তার বিপরীত দেখ্চি।
(ক্ষণেক ক্রিছিয়া) আপনাকে বামনদেবের
পইতে দিতে হবেনা? আমি দেবরাজকে বোলে
এবিষয়ে যা কোত্তে পারি, তা কোরবো।

- কশু। দেবরাজতো তোমার সকলই কোর্বেন, তাহা হোলে ভার কলনী কাঁকালে কোরে জল ভাস্তে না? ভামার ভাস্তে আর কিছুই অবশীষ্ট নাই? ভামার যাহা মনে ভাষ্টে, আমি ভাহাই কোরবো, তোমার কোন কথায় প্রয়োজন করেনা।
 - অদি। দেখুন, জ্যেষ্ঠপুজ্রাদির প্রতি যাহা কোন্তে হয় করুন কনিষ্ঠপুজ্রে আপনার অধিকার নাই।
- বাম। পিতঃ ! আপনি কলাই আমার উপনয়ন কার্য্য সমাধা করুন, অপর অপর মুনিবালকেরা আমাকে দেখলে
 বলে, যে বামনের বয়েস হোয়েছে, ও বেঁটে বোলে
 অমন দেখায়; মহামুনি কলাপ এখন কেন উহার উপনয়ন কার্য্য সমাধা কোজেননা। আমার তাতে ভারি
 লক্ষা বোধ হয়; আর বাদ্ধণের ছেলের যাবৎ উপনয়ন না হয়, তাবৎ দেহ অপবিত্র থাকে, আমার উপনয়নের সময় হোয়েছে, আপনি আর কালবিলম্ব
 কোবেন না।
 - কগু। (অদিতির প্রতি) শুন্লে, কাণ কি আছে? না বিবেচনা বৃদ্ধির সঙ্গে সঙ্গে গ্যাচে?
- আদ। আপনি যাহা ভাল বোঝেন কক্লন, আমি আপনার কোন কথাতেই নাই। আমি বামনদেবের উপনয়নের সময়ে লোকালয়ে বেক্লবো না।
- কশ্য। কারেওতো বোলবো না, কেবল পুরোহিত নিয়ে এ কার্য্য কোরবো, বেরোও আর না বেরোও তাতে ক্ষতি নাই।

অদি। (দীর্ঘনিখাস পরিত্যাগ করিয়া বামনের প্রতি) বামন ! এস বাবা ? আমরা সেই মৃগশাবকটাকে কিছু থাওয়াই গিয়ে।

(বামন ও অদিতির প্রস্থান)

কশ্ব। (উচ্চস্বরে) দেখা, আমি আবে থাকে বোলে রাখ্চি, যদি কাল এ বিষয়ে কোন ব্যাঘাত দাও, তাহা
হোলে ভাল হবে না। (সগতঃ) দ্রীলোকের কি,
স্থভাব, একটা শুভকার্য্য উপস্থিত হোলে অমনি ব্যাঘাত দিয়ে বসে। আমার কি বামনদেবের উপনয়নে
দশটাকা ব্যয় কোন্তে ইচ্ছা করেনা? হাতে নাই
বোলেই পালেম না। (ক্লণেকপরে) একরকম উভোগতো কোরেছি, এ কদলী-বাকল কথানা আত্তি
কি আমার অশ্প পরিশ্রম হোয়েছে? এত পরিশ্রম
কোরে এখন কি আর এ কার্য্য হলিত কোরে রাখ্তে
পারা যায়? কল্য আমাকে এ শুভকার্য্য সমাধা কোভেই হবে ? আর কএক খান বাকল কেটে রাখি।
(খোলাকাটন)

(नशरथा

গীত।

রাগিণী বাগেঞ্জী। তাল আড়াঠেকা।
ওরে মন কর কি এখন দিন করিছে গমন।
যতরে হরিছে কাল, নিকটে আসিছে কাল,
তোর কি হোলোনা কাল, ডাকিতে কাল রতন।
মিছে কাজ পরিহরি, বল মন হরি হরি,
হরিপ্রাঞ্জয় করি, হররে কাল এখন।।

কেছ নাহি হরি বিনে, হরি দিন দ্যান দীনে,
হরি বল নিশি দিনে; হবে সক্ষট মোচন।।
কশু। মজালে দেখচি, দেবখাষটে আবার কেনএলো?
ঠাকুর করেন এ দিকে না এসে, অমনিন্ধ দিকে
দিয়েই চোলে যায়। এদিকে এসে এ খোলাকাটা
দেখলে আর রক্ষা থাক্বেনা। লোকের যেমন ক্ষমতা,
সে তেমনি কার্য্যকরে। নারদের এমনি স্থাব, ষে
পাঁচজন লোককে আহার করাতে পারেনা, উনি তার
বাজার কাজে ত্রিভুবনকে নিমন্ত্রণ কোরে বনেন।
নার। (নেপথ্য হইতে গীত গাইতে গাইতে প্রবেশ মুখ)
গীত।

রাগিনী বাগেঞ্জী। তাল আড়াঠেকা।
নারায়ন পতিত-পাবন হরি জগত তারন।
ক্ষুক্ত কংসারি কেশব, মুকুন্দ দেব মাধব,
ভবারাধ্য ভবধব, নিত্য সত্য সনাতন।
দামোদর বংশিধারি, কৈটভ নিধন কারি,
গিরিগোবদ্ধন ধারী, গোপাল গোপরঞ্জন।।
শ্রীধর শ্রামস্কুন্দর, পরমেশ পরাৎপর,
দেবারাধ্য পরাক্ষর, বিভো পরমকারন।।

কশ্ব। (নেপথের দিকে চাহিয়া) আরে মোলো এই দিকেই যে আস্চে? এ খোলাগুলো লুক্কায়িত কোন্তে হোলো। (কদলীবাকলের ডোক্সাগুলা পশ্চাতভাগে রাখন)

(নারদের প্রবেশ) রুখ। দেবঋষি যে সমস্ত মঙ্গল তো? ব্রন্ধানী সহ তগৰান ব্ৰহ্মা, সৰ্বানী সহ ভূতভাবন শূলপাণী, ও ইন্দ্রাদি সহ
আমার পুজ্ঞগণ সকলে তো কুশলে আছেন?
নার। সমস্ত মঙ্গল।
কশ্ম। দেবরাজ-কার্য্য এক্ষণে কিবপে সমাধা হোচেছ।
নার! দানবেন্দ্র বলি ত্রিলোক অধিকার কোরেছে, দেবরাজকার্য্য এক্ষণে তদ্ধারাই সুসম্পন্ন হোচেছ; দেবগণ
স্বর্গ পরিত্যাগ কোরে লুকায়িত হোয়ে আছেন।

গীত।

রাগিণী বাহার। তাল কাওয়ালী।
কব সে কথা কি আর।
ওহে তপোধন, অতি ছুর্যটন, মটেছে এখন
দেব সবাকার।
দৈত্যেশ্বর বলি, হোয়ে মহাবলী,
বাড়িয়াছে তেজঃ দেবদলে দলি, কিভাপ ভাহার।
প্রন্দর হায়, না জানি কোথায়, অতি ঘোর দায়ন
দেব সবাকার।

কশু। আপনার এ গমন কোথা হোরেছে?
নার। প্রথমতঃ ব্রহ্মলোকে গমন কোরেছিলেম, দেখানে
তাঁর প্রীচরণ বন্দন কোরে কৈলাদে গিয়ে দেখি, ভগবান পার্কতীনাথ হরিগুণ গানে মোহিত হোয়ে রোয়েছেন, ভগবতী তাঁহার বামভাগে বিরাজমানা হোয়ে
একাগ্র অন্তঃকরণে তাহা প্রবণ কোজেন। নন্দী
ভূকি আদি শিবাসুচরেরা নিকটে আজ্ঞাবহ হোয়ে
রোয়েছে। শিবলোকে আজ্ব অপর্যাপ্ত নেত্রসূথ ও
প্রায়ণ কুথ অনুভব কোরেছি। দেখানে তাঁদের প্রীচরণ

আরাধনা করে আপনার সহিত সাক্ষাৎ করবার জন্য বিশেষ বাসনা হোয়েছিল, একণে কৈলাসধাম হোতে আপনার নিকটেই আগমন কোরেছি।

- কখা। কুতার্থ হলেম, আপনার দর্শনলাভ সামান্য তপস্থার ফল নহে।
- নার। ওসকল কথা এখন থাক্, বামনদেব তো ভাল আছেন ? ভাঁকে যে দেক্তে পাঞ্চিনে ?
- কশ্য। এই ছিল, তাহার প্রস্থতীর সংগে কোথায় গিয়ে থাক্বে ?
- নার। অনুভব কচি, বামনদেবের উপনয়নের সময় উপ-স্থিত হোয়েছে, আর বিলয় কোচেন কেন?
- कश्च। मत्न क्लादिह, এकটी শুভদিন দেখে সে कार्या है।
 निकार कार्दा ।
- নার। আর বিলম্ব করা উচিত হয় না, শুভকার্য্য সময়ে সুসম্পন্ন কোল্লেই ফলাধিক্য হয় ?

গীত।

রাগিণী বাহার। তাল কাওয়ালী।
শুন ওহে তপোধন।
হোয়েছে সময়, জার কাল ক্ষয়, উচিত না হয়,
করাহে এখন।
দেখে শুভক্ষণ, কার্য্য সমর্পণ,
সম্বরে এখন, কর তপোধন, শাস্ত্রহে এমন।
সময়ে নিশ্চয়, ফলাধিক্য হয়, উচিত সময়,
বামনের এখন।।
(২)

কশ্য। আমার অবস্থা তো সকলই জানেন। নার। উপনয়ন, কন্থার পরিণয়, পিত্রাদির আদ্ধ ; এ সকল কার্য্যে অবস্থার জন্ত অপেকা কোন্তে পারা যায় না। আপনি বামনদেবের উপনয়নে আর কাল→

বিলম্ব কোর্বেন না ? আপনি একবার মনস্থ কোলে, আমরা আপনার সকল কার্য্যই সমাধা কোরে দিব।

কশ্য। (বগত) তোমাকে জানালে জার রক্ষা থাকবৈ না, তাহাহোলে তুমি সর্কনাশ কোরে বোসবে। (ক্ষণেকপরে) ঠাকুর করেন অদিতি না আসতে আসতে দেবঋষি প্রস্থান করেন, তাহা হলেই রক্ষা; অদিতি এমে পোড়লে এ বিষয় আর গোপন থাক-বেন।

নার। নিরব হোয়ে রইলেন যে ? কশ্য। ভাল একটা দিন দেখে একাজ সমাধা কোত্তে হবে। নার। আমি যেন সংবাদ পাই। কশ্য। আপনাকে সংবাদ দিতেই হবে!

নার। (স্থগত) তুমি যত সংবাদ দিতে ত। স্থামি স্পাস্তে পেরেছি, তবে বামনদেবের উপনয়নটা জোমকে দিতে হবে। (প্রকাশ্যে) তবে আমি এখন। (স্বগত) অমনি যাওয়া হবেনা, বামনদেবের যে উপনয়ন হবে তা যে আমি জাত্তে পেরেছি, এটা কশাপকে জানিয়ে যেতে হবে। (প্রকাশ্যে) তবে একবার গাতুলন, জ-নেক দিন সাক্ষাৎ হয় নাই,একবার কোলাকুলা কোরে যাই।

- কশ্য। মুখে বলাতেই কোলাকুলী হোরেছে, আপনি যে আমাকে ভাল বালেন তা আমি জানি; কোলাকুলী কোরে আপনাকে তাহা আর জানাতে হবেন।
- নার। আপনি একবার উঠুন, আপনার সঙ্গে কোলাকুলি কোত্তে আমার বিশেষ মানস হোয়েছে।
- ক্স্য। কোমরটাতে অত্যন্ত বেদনা হোয়েছে, দাঁভাতে পাচ্চিনে।
- শার। আমি ধোরে তুলচী। (ছুই হত্তে ছুটা হস্ত ধরিয়া উত্তোলন।
- কথা (উঠিতেং) সর্মনাশ কোলে দেখচি।
- নার। খোলাদি দেখিয়া) আপনার এই কাজ! বামনদে-বের উপনয়নের সমস্ত উদ্যোগ কোরে আমার কাছে গোপন কচ্ছিলেন?
- কশ্য। (অপ্রতিব হইরা) দেবঋষি কি জান ? আমর !
 (ঢোক গিলিয়া) বলি কি তোমাকে এ বিষয়ে আমি
 সংবাদ দিতেম। তবে একাজটী গোপনে গোপনে
 সারতে হবে।
- নার। তা জার কি জামাকে বোলতে হবে ? বথন যেমন তথন তেমন, দশ টাকা ঋণি হোয়ে যে একটা কার্য্যে ব্যয় করা, জামিও সেটা ভাল বিবেচনা করিনা গীত

রাণিণী বেহাগ। তাল আড়া ঠেকা।
অধিক বোলে জানাতে হবেনা হে তপোধন।
জানিত দকল আমি কি আছে মম গোপন।
দাধ্যহে যেমন, ব্যয়াদি তেমন, করিবেক জনগণ,

ঋণে কিবা প্রয়োজন। ঋণী হোলে পরে, লোকে ঘ্ণাকরে, সে ঋণের তরে, ঘটে নানা অলক্ষণ।।

- কশ্য। ব্রাহ্মণীর সেইটেই মনোগত ভাব ছিল, তা আমি তাকে মুখ পাততে দেই নাই " সার নারীঞ্চ তাড়য়েৎ,, স্ত্রীকে সাশনে রাখাই বিধি।
- নার। অমনি ছু ঘর পাঁচ ঘর বোলে শুভকর্মটী সমাধা করুন। 🥕:
- কশ্য। তাও আমি বোলতে পাজিনে, জানতে যা আপনিই জানলেন; আর জনপ্রাণী টের পাবেনা। তবে
 কপালে থাকে, বামমদেবের বিবাহের সময় খুব ঘটা
 কোরবো। (নারদের ছটা হস্ত ধরিয়া) দেবঋবি!
 যা কোন্তে কর্মাতে হবে সকলেই কোর্বেন; এ বিষয়
 আমি আপনার উপর ভার দিলেম। আর একটা
 কথা বোলে রাখি, কোনমতে এ সংবাদটা কেও না
 জান্তে পারে।
- নাব। আমি কি পাগল ? আপনি কায় ক্লেশে এ কার্য্য কোর্চেন, এতে কি দশজন লোককে বোলতে পারা যায় ? (স্বগত) ভগবানের উপনয়ন হোচে, এ বিষয় কি গোপনে গোপনে সাত্তে আছে ? ত্রিলোক-বাদী-দের নিমন্ত্রণ কোরে তবে আজ আমার অন্য কাজ। আর বিলম্ব করা উচিত হোচেচ না। (প্রকাশ্যে) তবে অদ্য আমি আসি।
- কশ্য। আস্থন, তবে কল্য খুব প্রভাবে আগমন কোত্তে হোর্চে।

নার। তা আর বোলতে হবেনা, আমার উপর সকল বিষ-য়েরই ভার রইলো। কশ্য। যা বোলেচি, তাতে যেন অন্যৰূপ না হয়। নার। নিশ্চিত্ত থাকুন, আপনার কোন বিষয়ে চিন্তা নাই।

গীত

রাগিণী বেহাগ। তাল আডাঠেকা।
তেবনা এ নারদেরে আপনি কভু তেমন।
করিনে কখন কারো মন্দ আমি দরশন।।
নিশ্চন্ত হইয়ে, থাকুন বসিয়ে, শুভকার্য্য সমর্পিয়ে,
জানিবে আমি কেমন।
অধিক কি কব, চিন্তা নাহি তব, যেমন সম্ভব,
কর ব্যয়াদি এখন।।

কশা। (স্বগত) নারদকে দেখেই আমার ভয় হোয়েছে,
কি যে হবে, ভেবে কিছু স্থির কোন্তে পাচ্চিনে; হাতে
ধোরে অনেক বিনয় কোরে বোলেছি, তাতে যদি
কাহাকে নিমন্ত্রণ না করেন তবেই রক্ষা; নভুবা ঠায়
অপ্রতিভ হোতে হবে ? এখন আর অনর্থক বে।সেং
ভাবলে তো কাজ হবে না, যে যে অব্যের প্রয়োজন
হবে, তাহা সংগ্রহ কোরে আনি।

প্रথমান্ত সমাধ্য।

(কশ্যপের প্রস্থান)

গভাক।

(সরোবরের তট)

(অদিতি আসিনা)

পদি। (স্বগত) মনে কোরেছিলেম বামনদেবের পইতেটা
একটু ঘটা কোরে দিব, তা আর হোলোনা দেখচি;
মহর্ষিকে ছুটো কথা যে গুচিয়ে বলা, সে ভুস্মে ঘৃত
ঢালা; আপনি যা বুঝবেন, তাই কোরবেন। কেণেক
পরে) নারী-জন্ম ধারণ কোরে মনের সাধে একটা
সাধ আহলাদ কোন্তে পেলেম না। (দীর্ঘ নিশ্বাস্ম্র
পরিত্যাগ করিয়া) লোকালয়ে মুখ দেখান ভার হবে,
যখন লোকে বোলবে, যে " বামনদেবের পইতেতে
আমাদের বলিনে,, তখন কি বোলেই তাদের কথার
উত্তর দিব। এমন সুখের কাজে আমার মনোমধ্যে
ছুংখের পরিসীমা নাই।

গীত

রাগিণী মোলার । তাল জলদ তেতালা।
কি মম বেদন মনে।
মিছে জীবন ধরি ভুবনে।।
একি মম বিষাদ, হোলোনা সাধ আহলাদ,
এত কি ছুঃখিনী বিধি চরণে।।
নাহি ফল এ নারি-জননে।।
মনেছিল এমন, লয়ে এ উপনয়ন,
ভুবিব আত্মীয় আদি স্কজনে।
মনো আশা রহিল মনে মনে।।

(প্রভাবতীর প্রবেশ)

প্রভা। হঁ্যা গা! কাল কি তোমার বামন দেবের পইতে হবে?

ভাব । বাছা । আমি তা বোলতে পারিনে।
প্রভা। হঁটাগা। এত ঘটার পইতে; তুমি তা বোলতে
পার না;এ ভোমার কেমন তরো কথা হোলো?
আদি। কি ঘটা বাছা ? মহর্ষি কেবল কথানি কলার ভোঙ্গা
কেটে এনেচেন, এই জানি ? (রোদন করিতে করিতে)
প্রভাবতি ! বামনদেবের পৈইতের উদ্যোগ দেখে এ
শুভকর্দ্মে আমি চোকের জল রাখতে পাজিনে।
প্রভা। সে কি গো? তবে মহর্ষি বুঝি আপনাকে কোন
বিষয় বলেন নাই; বামনদেবের পইতেতে ভারি ধুম
ধাম হবে।

ভাদি। কে বোললে বল দেখি তা হোলে বুঝতে পারি?
প্রভা। বলাবলি কি গো? দেবঋষি নারদ যে নিমন্ত্রণ
কোত্তে বেরিয়েচেন; আমাদের আশ্রমে মেয়ে পুরুষ
দাস দাসী আদি সমুদায় নিমন্ত্রণ দিয়ে গ্যাচেন; আর
আমরা শুনেচি যে তোমার বামন দেবের পইতেতে
ত্রিভুবন নিমন্ত্রণ করা হবে। অভুর অক্ষা দীন ছঃখী
প্রভৃতি অবশিষ্ট থাকবে না। দেবঋষি বামনদেবের
উপনয়ন স্ত্রে একটা চমৎকার গীত প্রস্তুত কোরে।
ছেন, সেই গীতটি শ্রবণ কোল্লে এক রকম নিমন্ত্রণ
বোধ হয়; তিনি এখন বীণা যন্ত্রের সহ সেই গীতটা
গাইতে গাইতে নিমন্ত্রণ কোরে বেড়াচেন।

গীত

রাগিনী মোলার। তাল জলদ তেতালা।
কি কব ওগো তোমারে।
নাহি জানিতে বাকি সংসারে।।
লইয়ে বীণা করে, দেবঋষি ঘরে ঘরে,
নিমন্ত্রণ করিছেন সবারে।
সমারোহ হবে তব আগারে।
সুর নর কিল্লর, যক্ষ রক্ষ বিদ্যাধর,
দীন ছঃখী আহছ যত সংসারে।
সবে সুখী এ মহা ব্যাপারে।।

অদি। প্রভাবতি ! এ সংবাদটী সত্য-না কৌতুক কোর্চ।
প্রভা। হঁটাগান আপনার সঙ্গে আমরা কি কখন
কৌতুক কোরেছি ? আমরা আপনার পেটের মেয়ের
মতন ; আশীর্কাদ করুন, যেন সুখে কাল কাটাতে
পারি।

অদি। (সগত) তাওতো বটে? প্রভাবতী আমার দক্ষে কৌতুক কোরবে কেন? অনুভব করি, মহর্ষি কৌতুক করবার জন্য আমাকে এখন শোনান নি; এবার আল্লমে গেলে দব জান্তে পারবো; যদিচ তিনি এখন গোপন কোরে রেখেছেন কিন্তু এই যে ত্রিলোক নিমন্ত্রণ করা, তার আয়োজন দেখলে সমুদ্য় জান্তে পারবো (প্রকাশ্যে) প্রভাবতি! তোমার মুখে এ সংবাদ পেয়ে বিশেষ আনন্দিতা হোয়েছি, জন্মএয়োস্ত্রী হোয়ে স্থেথ থাক মা? পুত্রের মুখ দেখ, অধিক আর কি বোলবো, সর্বদা আনন্দে থাক।

- প্রভা। আপনি সতী লক্ষী; আপনার আশীর্কাদ অবশ্যই
 কোলবে। (ক্ষণেকপরে) দেখুন গা? আপনার বামনদেবের পইতেতে যে ঘটা হোর্চে, তাতে আমার
 পিতা বিশেষ অধনন্দিত হোয়েছেন।
- অদি। হঁটা গা। তোমার পিতা কি আমাদের পর ? এ বিবয়ে তিনি আনন্দিত না হোলে আর কে আনন্দিত হবে।
- প্রভা। আপনি তবে আর ানশ্চিন্ত হোয়ে থাকবেন না? আমি আসি এখন।

(প্রভাবতীর প্রস্থান)

অদি ৷ বামন যে মৃগশাবকটীকে রেখে গাভীবৎসটীকে লয়ে, কোনদিকে গেল, এখন ফিরে আকে না কেন? একবার দেখ্বো না কি?

(वामनामाद्यु आदवन)

- বাম। জননি! বৎসটা যে কি ক্ষুধিত হোয়েছিল তা আর বোলে জানাভে পারিনে, অভিনব তৃণাহার কোরে তার পেটটা পরিপূর্ণ হোয়েছে, কিন্তু এখন আন্তে পাল্লেম না; গো আন্ধাণ আহার করাতে জামার অত্যন্ত আহলাদ হয়। বৎসটী যখন মুখ নেড়ে নেড়ে খেতে লাগলো, আমার আনন্দের পরিসীমাছিল না।
- অদি। (স্থগত) মনে করি মনে কোরবো না; মেয়ে ব্যভারে আছে, এ রক্ম মনে কোলে ছেলের অমঙ্গল হয়; কিন্তু বামনের কথা বার্ত্তা ও কার্য্যাদি দেখে আমার এমন অমুভব হয়, যে আমাকে চরিভার্থ কর-

বার জন্ম ভগবান হরি বামনৰূপে অবতীর্ণ হোয়ে ছেন।

বাম। জননি! আপনি কি চিন্তা কোচেন?

অদি। বাবা ! আমি অন্য কিছু চিন্তা কচ্চিনে, তোমাকে গভেধারণ কোরে চরিতার্থ লাভ কোরেছি; গো ত্রা-ক্ষণের প্রতি তোমার শ্রন্ধা ভক্তি দেখে আমার আহলাদের পরিসীমা নাই।

ধাম। জননি! এথানে আর আমাদের কি প্রয়োজন আছে? চলুন আমরা আশ্রমে গমন করি। আদি। চল বাবা।

> (অদিতি ও বামনের প্রস্থান) গভাস্ক সহ প্রথম অঙ্ক সমাপ্ত।

দ্বিতীয়াস্ক। কশাপানয়। (কশাপ আসীন)

কশ্য। (কুশদ্বারা মটুকাদি প্রস্তুত করিতে করিতে স্থগত)
আর কি? উপনয়নের সকল দ্রব্যাদিই প্রস্তুত করা
হোয়েছে। দেবদেবী ও পিতৃগণের উদ্দেশে জলপিও
প্রদান করাই প্রধান কার্য্য; তৎপর প্রাহ্মণ ভোজন;
যার যেমত সাধ্য, সে সেই রূপ প্রাহ্মণ ভোজন করাবে। দেবঋষিটীকে আস্তে বোলেছি, তাকে
আহার করালেই প্রাহ্মণ ভোজন হবে। (ক্ষণেকপরে)
ভাগ্যবান ব্যক্তিরা অধিক প্রাহ্মণ ভোজন করান সত্য;
কিন্তু তাতে গোলেমালে অর্ধেকের অর্ধাশন হয় কি না

সন্দেহ; তার বৈকা একটা কি ছুটা ত্রান্দণকে পরি-তোষ করে আন্তর করালে মনোপ্রতি জন্মায়। (অদিক্ষিকামনদেবের প্রবেশ)

আদি। (স্বগত) ব্রাক্তী বোলে বামনদেবের উপনয়ন
স্ত্রে ত্রিলোক কা ক্রিয়ণ করা হোচে, কই,
তারতো কিছুই কিলেপ পার্চিনে? আজকের
দিনতো গ্যাচে হিলেপ গার্চিনে? কাল সদ্যুহ কি যে
কোরবেন, তাজো কিছু বুঝতে পার্চিনে? এই ঝকড়া
কোরে গেডি আলি কথা কোরে,কোন কথাও জিজ্ঞাসা
কোত্তে প্রাচিনে হ

কণ্য। দেখা আ অঞ্চল কাৰ্য্যে মুখটীকে তোলোহাড়ীর
মতন কোনে থেকোনা? অমনতরো মুখ দেখলে আমার
অফার্লালা কোরে উঠে আমার যেমন যুটবে, তেনি
বিভাগর, হাসিমুখে কথা কও; এইতো সংসারের সংখ
বিভাগর কোল কাপড়খানি পোরলে, কে উত্তম
আনাথানা গড়ালে, তাহা দেখে এসে "আমার
কোলোনা, বোলে যে মুখভারি কোরে থাকা, সে
আমাকে ভাল লাগেনা? আমার যেমত সাধ্য আমি
সেই ৰূপে ৰামনদেবের পইতে দিচ্চি, তাতেই আমোদ আহলাদ কর?

জিদ। কোখা কোথা নিমন্ত্রণ কোলেন জামাকে বলুন না ? কশু। দেবঋষি নারদকে বলা হোদ্দেছে, কশুপ মুনিকে বলা গ্যাচে, বামনের প্রস্তি জার বামনদেবকে বোদবো। আদি। আপনি আমার 'সঙ্গে কৌতুক কোছেন কেন? আমি যে সব শুনেচি, আপনি পুরুষ; কাজের তো কিছু বোঝেন না; কল্য সন্ত কি কোরে সব কোরবেন বলুন দেখি?

গীত।

রাগিণী খাষ্বাজ। তাল কাওয়ালী।
বলি, কেন কৌতুক কর তপোধন, আর এখন।
সকল শুনেছি আমি হোয়েছে যে নিমন্ত্রণ।।
ছাড়হ এখন ছল, আমাকে বিশেষ বল,
উদ্যোগ কর সকল, দ্রব্যাদি এখন।
সন্ত সন্ত কি রূপে করিবে আয়োজন।
তুমিহে পুরুষ কাজ করনি কখন।।

কশু।, তুমি কি শুনেচ?
আদি। আমি সব শুনেচি।
কশু। (উচৈঃস্বরে) কি সব সেটা খুলে বল?
আদি। শুনলেম, আপনি বামনদেবের পইতে খুব ঘটা
কোরে দির্চেন, দেবঋষি নারদ ত্রিভ্বন নির্মন্ত্রণ
কোরে বেডার্চেন।

কশ্য। আরে মর! কে বোল্লে বল্দেখি?

অদি। আমি শুনোচ বোলে আপনি অমন রাগকোরে

উটচেন কেন? আমিত জীচরণে কোন অপরাধ করি

নাই, তবে কেন আমাকে গোপন কোর্চেন?

কশ্য। ওসকল কথা এখন থাক, কে বোলেচে সেই

কথাটা আগে বল দেখি?

- জিন। প্রভাৰতীর মূর্বে শুনে এলেম; দেবিশ্বনি প্রথমেই এ জাতাম নিমন্ত্রণ কোরে তৎপরে জন্য জন্য দিকে গমন কোরেছেন।
- কশা। (কণেককাল নির্ব হইয়া থাকন)
- জিদ। নিমন্ত্রণের জন্ত আপনার কোন চিন্তা নাই, দেব-অবিকে যখন একার্যোর ভারাপণ কোরেছেন, তখন তিনি সর্কত্রেই বোলবেন, কেও বাকি থাক্বেনা।
- কশু! দেবঋষি না ঢেঁকি ঋষি ? আমি এতকোরে হাতে থোরে ৰোলেম, তথাচ সে এমন কাজ কোলে ? আমাকে মজাতে বোসলো ? পাঁচজন লোককে থাও য়াতে আমার ক্ষমতা নাই, ত্রিলোক–বাসীদের আমি কেমন কোরে আহার করাবো ? ইহাহতে আমার মাধায় যে বজাঘাত হোলে ভাল ছিল ?
- বাম। পিতঃ। আপনি স্থির হোন, এমন হোতে পারেনা; আপনার অবস্থা জেনে কি দেবঋষি এমত কার্য্য কোত্তে পারবেন?
- কশ্র । সে সব পারে, ঋষির মধ্যে তেমন ঠাটো আর ছুটী নাই; লোকের মন্দ কোন্তে যেমন, বিবাদ বাদাতে তেমন।
- অদি।' যা হবার তাতে। হোরেছে, এখন যা কোলে তাল হয়, তাই করুন।
- কশ্য। তোমার মনের মতন হোরেছে; কি কোল্লে যে ভাল হবে, জামি তাতো ভেবে স্থির কোত্তে পাচ্চিনে? বছকাল এখানে বাস কোরে আছি, নাক্লদের (০৩)

দৌরাম্মে অদাই দেখনি এস্থান পরিত্যাগ কোরে পলাতে হোলো ?

অদি। সে তো কাজের কথা নয়, এখন ঋণী হোয়েও মান বাঁচাতে হবে।

গীত।

রাগিণী খায়াজ। তাল কাওয়ালী।
বল, ক্রোধ করিলে হবে কি এখন, তথোধন।
যাহে মান রকা হবে কর তার আয়োজন।।
যাহবার হইয়াছে, তাহে কি উপায় আছে,
রাথ মান দশের কাছে, এখন আপন।
দেখ চেয়ে মানের চেয়ে কি আছে এমন।
ঋণীহলেও হোতে হবে, মান বড় ধন।।

কশ্য। । ঋণ করি কোথা থেকে, তোমার গায়ে দশ্ধানা সোণ্যকগার অলঙ্কার থাকো তাহা হোলেও হাত গা-তলেই টাকা গেতেম।

আদি। আমিতো মাঝেই বলি, যে এদিক ওদিক কোরে আমাকে ছুএক ভরি দিয়ে রাখ, সময়ে অসমরে কাজে লাগবে; তাতে ভুমি ধনুকভাঙ্গা পণ কোরেছ, রাংক্তি, টুকু দিতে চাওনা; তোমাকে জার কি বোলবো, এখন যদি বোঝো, তা হোলেও আমার সমস্থান হয়।

কশ্য। মিছে বোক্চিস্ কেন ? আমার ভাবনায় মাথাঘুরে যার্চে, ও আপনার সমস্থানের কথা এনে কেলে।
বাম। পিতঃ! দৈবানুষ্ঠানের দ্বারা সকল কার্যাই সুসম্পন্ন
হোতে পারে, আপনি এ সামান্য বিষয়ের জন্য চিন্তা
কোর্চেন কেন? প্রতিদিন ত্রিলোকবাসীদের যে

অন্নপূর্ণ। অন্ন প্রদান কোর্চেন, তার আরাধনা করুন; যন্তাপি দেবঋষি ত্রিলোকবাসীদের নিমন্ত্রণ কোরে থাকেন, তাহা হোলে তিনি এসে আসমার লর্জন। রক্ষা রক্ষা কোর্বেন।

কশা। সেই এক ধা ভরসা আছে, এখন তিনি রূপা কোলে হয়?

বাম। পিডঃ । আপনি তার আরাধনা করুল, তাহা হোলে অবশ্যই তিনি রুগা কবেন।

কশ্য । বংস ' তোমারও উচিত হয়, তার পাদপত্ম চিছ করা। চল আমরা সকলেই গিয়ে তাঁর আরাধনা করি।

(সকলের প্রস্থান)

ৰিত। য়ান্ধ সমাপ্ত। গভাস্ক। কৈলাস পৰ্কত।

হরপার্কতি একাদনে উপবিষ্ট। নন্দী ও ভৃঙ্গি ছুই পাধ্যে দণ্ডায়মান।

শার্ক। ভগবন! আপনি যে সময়ে হিমানয় পর্কতের উপরে তপস্থা কোত্তে ছিলেন; সে সময় কৌতুক ছলে আমি আপনার নেত্র দ্বয় আচ্ছাদন কোত্তে আপনি ললাটে তৃতীয় নেত্র উদ্ব কোল্লেন কেন? আর সেই নেত্রদ্বারা আমার পিতা হিমালয়কে রক্ষলতাদি সহ দক্ষ করবারই হেতু কি? এবং প্নর্কান্ন সেই হিমালয় কে পূর্কবং সজীব কোল্লেন কেন? যস্তাপি আমার প্রতি আপনার অনুগ্রহ থাকে, তবে তাহা আমাকে বলুন।

गीउ।

রাগিণী খাস্বাজ। তাল কাওয়ালী।
ক্রিলোচন কর মম সংশয় ছেদন।
হিমালয়োপর, যবে তপঃকর,
করন্বয়ে করি তব নেত্রন্বয় আচ্ছাদন।।
কি কারণ প্রাণধন, তাহাতে অমনি সেইক্ষণ,
ক্রিলোচন এনস্থন-

তুমি স্থজিয়ে নাশিয়ে পিতায় পুনঃ দিলে প্রাণধন।
হর। দেবি! তুমি অজ্ঞান পরবশে করদারা আমার নেত্র
দ্বয় অবরোধ করাতে, যাবদীয় লোক আলোক হীন ও
বিনই প্রায় হোয়েছিল; ঐ সময়ে স্প্রিরক্ষা করবার
জন্য আমি এই তৃতীয় নেত্রের স্প্রিকোরেছি; আন্
মার এই সমুজ্জ্বল নেত্রের তীক্ষ তেজঃদ্বারা তোমার
পিতা হিমালয় ভদ্মীভুত হোয়েছিল, আমি তোমার
প্রীতি সম্পাদনের জন্ম পুনর্বার শৈলরাজকে প্রকৃতিছ
কোরেছি।

পার্ক। হে নাথ! পূর্বাবধি আমার আর কএকটা সংশয় আছে, যদ্যপি তাহা ছেদন করেন, তাহা হলে চরিতার্থ লাভ করি।

इत । किवल ?

পার্ক। তগবন! আপনার পূর্ক, পশ্চিম ও উত্তর ভাগের মুখ শশধরের সম প্রিয় দর্শন এবং দক্ষিণ ভাগের মুখ জাতার ভীষণ দর্শন হয়, ভাহার কারণ কি ?

হর। প্রিয়ে! পুর্বে শামার একমাত্র লাভ ছিল, কোন সময়ে আমি তপস্যা কোন্তেছিলেম, তিলোন্তমা নাছি কামিনী শ্রেষ্ঠা স্বর্গ বিজ্ঞাধরি আমার নিক্টে আসতে, আমি তাকে দেখবার জন্য অপর চারটা আফ
ধারণ কোরেছিলেম, তদবধি আমি পঞ্চানন হোয়ে
আছি। আমি পূর্ক মুখদারা স্বরপতিকে শাসন, উত্তর
মুখদারা তোমার সহ বিলাস, পশ্চিম মুখদারা প্রাণি
সমুহের সুখ সমৃদ্ধি সম্পাদন ও এই ভীষণ দক্ষিণ মুখ
দারা প্রাণি সংহার কোরে থাকি।

পার্ক। হে দেব। আপনার জটা সমূহ কপিলবর্ণ ও উদ্ধৃত্যত হবার হেতু কি? আপনি নীলকণ্ঠ পিণাকপাণি জটিল এবং ব্রদ্ধারী হবার কারণ কি?

হর। দেবি। আমি লোক সমুহের মঙ্গল সম্পাদনার্থে জটিল ও ত্রহ্ম গারী এবং অমরদিগের কার্য্য দিন্ধির জন্য পিণাকপাণি হোয়েছি। কোন সময়ে ত্রিদশপতি আই মার শ্রীলাভের অভিপ্রেতে আমার প্রতি বজ্ঞ নিক্ষেপ কোরেছিলেন; সেই বজ্রের তেজে আমার কণ্ঠদেশ দিক্ষিভূত হয়; তদৰধি আমি নীলকণ্ঠ হোয়ে আছি।

পাক। হে নাথ! তুরঙ্গ মাতঙ্গ আদি উৎকৃষ্ট উৎকৃষ্ট কাছন থাক্তে রুষ আপনার বাহন হবার হেতুকি?

হর। প্রিয়ে : সুরভীর বংশে অনংখ্য গাভী ও বংস উপন্ন হয়েছিল, সেই সমুদয়েরই বর্ণ এক প্রকার ছিল; কোন সময়ে ঐ সুরভী-বংসের মুখচুতে কেন আমার অঙ্গে সংলিপ্ত হোতে, আমি ক্রুদ্ধচিত্তে গো সমুহের প্রতি দৃষ্টিপাত কোরেছিলেম, তাহাতে গো সমূহ ভদ্মীপ্রায় হয়। সেই সময়ে অর্থ তত্ত্বক ভগবান স্থাই-পতি ব্রদ্ধা সুরভির বংশ রক্ষা করবার জক্ত আমাকে বিভর স্তুতি কোরে এই রুষ্টাকে প্রদান কোরেছিলেন, এবং বোলেছিলেন যে " জাপনি ইহাকে রক্ষাকরুন ,, ভরিমিভ আমি জন্য বাহনাদি পরিত্যাগ কোরে রুষা-রোহণ কোরে থাকি ৷

পার্ক। হে নাথ! অমর লোকে উৎক্রুন্ট বাসস্থান থাকে, আপনি কি জন্য কপাল, কেশ, অস্থি, মাংস, শোণিত, বসা, এবং অস্থাদিতে আকির্ণ গুধু গোমায়ু সকল চিতামল পরিব্যাপ্ত অপবিত্র শ্মশানমধ্যে বাস কলেন?

গীত।

রাগিণী খাদ্বাক্ষ : তাল কাওয়ালী।
ওহে ভব কেন তব বল হে এমন।
তব পদহয়, চিন্তে দেব চয়,
দেবের দেবতা তুমি দেব পরমকারণ।
কিকারণ প্রাণধন, শ্মশানে থাকহে অমুক্ষণ,
কি বেদন পোড়ে মন।
কেন পবিত্র ভবনে তুমি নাহি রহ ত্রিলোচন।।

হর। প্রিয়ে! আমি অস্তাবধিও পবিত্র স্থান অম্বেণ কোরে থাকি, কিন্তু মাশান অপেকা পবিত্র স্থান কোন স্থানেই আমার অমূভব হয় না ; এ নিমিত্ত আমি মাশানেই অবস্থান কোরে থাকি।

(मांत्रामत श्रायम)

নার। (মহাদেবের প্রতি) হে দেব। প্রণাম হই (প্রণাম করিয়া (ভগবতীর প্রতি) দেবি। প্রণাম হই (প্রণাম করিয়া) আশীর্কাদ করুন, যেন অভীষ্ট সিদ্ধ হউক।

- পার্ক ৷ দেবশ্ববি ! এত জন্সকান মধ্যে পুনরাগমনের হেতুকি ?
- নার। দৈবি ! আপনাদিনের পাদপর্ম দর্মদা দর্শন করি এমত অভিলাব ; কার্য্যের গতিকে দকল হয় না বোলেই মনোকটের দীমা থাকে না , কোন বিপদে নিপতিত হোলে, পরিত্রাণ লাভের জন্য সহজেই পাদ প্রমুদর্শন কোত্তে আস্তে হয়।
- পার্বা। নারদ। তুমি জগতের হিতচিন্তা কোরে থাক। তোমার যে বিপদ উপস্থিত হবে, তাহা সম্ভব পর নহে।
- নার। জননি। আমি জগতেব হিতসাধন করবার জন্য স্বইচ্ছায় একটা মহৎ বিপদ উপস্থিত কোরেছি, ভাহাতে আপনি রুপাদৃষ্টি না কোলে, আমার আর রক্ষা নাই; ব্রহ্মকোপানলে নিশ্চিত আমাকে ধংশ হোতে হবে।
- পার্ক। দেবঋষি। এমত কি বিপদ উপস্থিত কোরেছ, যে তাহাতে ব্রহ্মকোপানল সমুদ্ধ হবে? শুনে আমার যে ভাবনার পরিসীমা নাই, ব্রহ্মকোপানন হোতে পরিত্রাণ করা তো সহজ্ঞ কথা নহে? কি কোরেছ বল দেখি?
- নার। মাতঃ ভগবান উরুবিক্রম পুরুষ প্রধান বামন
 ক্রপে মহর্ষি কশ্চপের গৃহে অবতার গ্রহণ কোরেছেন,
 তার উপনয়নের সময় উপস্থিত হোয়েছে; মহর্ষি কল্য
 সেই শুভকার্য্য গোপনে গোপনে সুসম্পন্ন কোরবেন,
 এমত উদ্যোগ কোরেচেন, তদিবয়ে আমি উপস্থিত

হওয়ায় মহর্ষির তারা কেবল আমিই আমন্ত্রিত হোয়েছি, তভিন্ন মহর্ষি আর জন প্রাণির ও আহারের উদ্যোগ করেন নাই। জননি। আমার স্বভাব আপ-নার অবিদিত নাই, আমি এই শুভকার্য্য সমুদ্ধে কশ্র-পের অক্লাতসারে ত্রিভুবন নিমন্ত্রণ কোরে এসেছি; এক্লণে যাহা কোত্রে হয় আপনি করুন, আপনার শ্রীচরণ ভিন্ন এ বিষয়ে আমার আর অন্য ভরসা নাই। আপনি যদি রুপাদৃষ্টিপাত না করেন, তাহা হোলে কশ্রপ গৃহে যথন ত্রিলোকের লোক সমাগত হবেন, মুনি তাহাদিগকে আহার প্রদান কোত্রে না পাল্লে আমি নিশ্চয় জনসমাজে হেয় ও ব্রহ্মকোপানলে ধ্বংস হব।

গীত।

রাগিণী সুরট মোলার। তাল আড়া ঠেকা।
ওগো মা শক্ষরি রাথ তব চরণ কমলে।
যেন গো না দগ্ধ হই কগুপের কোপানলে।।
কোরেছি বিপদাপার, তাহাতে হইতে পার,
ভরসা পদ তোমার, ও শিবে সর্কমন্সলে।
কিছু নাহি আয়োজন, আসিবে ত্রিলোক-জন,
কুপাকরি বিতরণ, ভুবিতে হবে সকলে।।

হর। মহর্ষি এ তুমি উত্তম কার্য্য কোরেছ, এ বিষয়ে
আমি সন্তোষিত হলেম; প্রথমতঃ ভগবানের পাদপদ্ম দর্শন কোলে চরিতার্থ লাভ কোরবো, তৎপর
কক্ষপ গৃহে আহার কোরে আনন্দের পরিসীমা থাকবেনা।

নার। আশীর্কাদ করুন, যেন শুভকর্ম সচ্চল্রপে স্থ-সম্পন্ন হয়।

হর। তদ্বিরে কিছুমাত্র সংশয় নাই। (নেপথ্যাভিমুখে) প্রমথগণ! সুসজ্জ হও, কশুপ গৃহে গমন কোত্তে হবে। নার। (ভগবতীর প্রতি) দেবি! আপনার অসুসতি প্রাপ্ত না হোলে, আমার মন স্থির হোচে না।

পার্ক। দেবঋষি : এ পরম আহলাদের বিষয় ; এবিষয়ে
তুমি এদে নিমন্ত্রণ না কোলেও আমি কশুপ গৃহে
পমন কোন্তেম। এক্ষণে তুমি একবার কমলার
সমীপে গমন কর।

নার। জননি : সে কার্য্য আমি সমাধা কোরে এসেছি । পার্ম। বংস : তবে আর ভোমার কোন চিন্তানাই। চতু-দিশ ভূবনবাদীরা আগমন কোলে কেহই বৈমুধ হবেন না; আমরা সকলকেই আহারে পরিত্বট কোরবো। নার। মাভঃ ! কুতার্ধ হলেম, এফনে অকুমতি করুন, প্রস্থান করি।

(नांत्रदमत श्रञ्जान।

হয়। প্রিয়ে! তবে আমাদের আর কাল বিলম্ন করা উচিত হয় না? চল, আমরাও সম্বর হই গিয়ে। (সকলের প্রস্থান)

গভান্ধ নহ বিতীয়ান্ধ সমাপ্ত।

তৃতীয়াল।

আশ্রমের বহিভাগ i

কগুপ ও অদিতির প্রবেশ।

- কশ্র। প্রিয়ে ! আজ যে কি হবে ভেবে কিছু স্থির কোন্ডে পাজিনে; ভগবতীকে কায়মনে এত ডাকচি, তিনিভ এখন আগমন কোলেন না ? তি মি যদি পায়ে ঠেলেন, তাহাহোলে এ বিপদে আর রক্ষা নাই।
- আদি। আপনার কথঞ্জিত আয়োজন করা উচিত ছিল, আশ্রমবাসীগুলীকে আহার করাতে না পাল্লে নিন্দার পরিসীমা থাক্বে না; আমি অফুডব করি, দেবঋষি কেবল এই আশ্রমটা নিমন্ত্রণ কোরে চোলে গ্যাচেন।
- কশু। সে এমন নারদ নয় ? ত্রিলোক নিমন্ত্রণ কোরে তবে জলগ্রহণ কোরেছে, আজ আমার মান সন্তুম আর কিছু থাকবেনা; লোকালয়ে মুখ আর দেখাতে পা-ববোনা।
- ন্সদি। নিশ্চিন্ত হোয়ে থাকা আর তো উচিত হয় না। গীত।

রাগিণী সুরট মোলার। তাল আড়াঠেকা।
নিশ্চিন্ত হইয়ে থাকা নহে উচিত এখন।
মান যাহে থাকে নাথ কর তার আয়োজন।।
মানচ্যুত হয় যার, কি ফল জীবনে তার,
মান জীবনের সার, মান রাথ তপোধন।
তোমাকে অনেকে জানে, তোমাকে অনেকে মানে,
রাথ মান মানে মানে, ধরি তব জীচরণ।।

কশ্র। কি কোরবে ? আমার যদি ক্ষমতা থাক্তো, তাহা হোলে কি নিশ্চিন্ত হোয়ে থাক্তেম ? ক্ষমতা নাই বোলেই চুপকোরে রোয়েছি, এখন ভগবান যা কোরবেন, তাই হবে।

विषि अविष (य अर्थन कार्म्फन ना ?

কশ্ব। না আসুক নেই নেই। জামি বামনদেবের উপনয়ন দেই গিয়ে, তার পরে অদৃষ্টে যা আছে তাই হবে। তুমি আশ্রমে যাও, আমি অবিলয়েই যাজি!

(অদিতির প্রস্থান)

(সেবারাম ও শোভারামের প্রবেশ)

সেবা। মহরি। ধভা ধভা । ধভা ।

শোভা। এমন কাজ কেহ কখন কোত্তে পালর নাই, আর পারবেও না।

পেবা। তা আর একবার বোলচো ছা? লোকে যে বলে

'' হয়নাই, হবে না, দেখি নাই, দেখবো না? ,, মহথির এ কাজ তাই হোর্চেট। আমরা রবাভত, আমাদের
কেহ কখন নিমন্ত্রণ করেনা, অদ্ধচন্ত্রপ ও প্রহারাদি
শ্বেয়ে আমরা উদর পূর্ণ কোরে থাকি। আমাদের
নিমন্ত্রণ কোরে যে আহ্বান করা এ কি সাধারণ যশের
কথা? ধন্য। ধন্য! ধন্য! বামনদেব চিরজীবি হউন।
শোভা। মহর্ষি! আপনার আশ্রমকে আপনি আজ চতুদিশ ভুবন কোরে বোসেচেন, কঠোর তপস্তাদারা যে
সকল দেবতাদের পাদপ্য দর্শন হয়না, আজ দেই
সকল অমরেরা আপনার আশ্রমে সমাগত হোয়েছেন,
অন্য লোকের কথা আর কি বোলবো?

সেবা। ও সকল কথা এখন রেহখ দাও। (কণ্ঠপের প্রতি)
মহর্ষি! উদ্যোগাটা কাঁচা বন্দ বস্তু না পাকা কোরে
চেন ?

গীত

রাগিণী সোহিনী। তাল ক্ষেমটা।
দেখ্টি গো মহামুনি লোকের সমাগম তারি।
বন্দবস্ত কি কোরেছো শুন্লে প্রাণটা খোতে পারি।
গৈয়েছি অনেক বাভি, এমন গো বাভাবাভি,
দেখি নাই কারো বাভি, তোমার কাজে বলিহারি।
ফাঁচাকি পাকা ব্যাপার, বলগো খপরটা তার,
বাঁচা কাজ ঘটে যার, হতমানগো জান্বে তারি।।
কশ্য। মধুস্দন! মধুস্দন! কবল। মধুস্দন
ভরসা; আমিচল্লেম।

(কশ্বপের প্রস্থান)

সেবা। ওহে শোভারাম! গতিকটে যে বড় ভাল বোধ হোছে না? মহর্ষিকে কাঁচা কি পাকার কথা জিজ্ঞানা কোত্তে উনি যে কেবল " মধুসুদন২ ,, বোলে গমন কোলেন, মুশুরভাল ভাত খেলে যে পেট ফুলে মোতে হবে।

শোভা। তুমি থেপেচো নাকি ? ইন্দ্র চন্দ্রাদি দেবগণ ও
কিন্নর বিঞ্চাধর প্রভৃতিকে যখন নিমন্ত্রণ করা হোয়েছে,
পৃথিবীর বড় বড় রাজাগণ ও আসবেন শুনচি; তাঁদের
কি মছর্ষি কেবল মুস্রভাল ভাত থাওয়াতে পারবেন?
মুস্রভালটা অতান্ত অপবিত্র; জানীলোকে তাহা
গ্রাহ্ ক্রেন না ?

নেবা। মুনিকে জিলানা কোন্তে উনি য়ে কেবল মধুস্দন
ভরদা বোলে গ্যালেন, তাতেই তো ভয় হোছে। রহৎ
কার্য্য বোলে যদি দেই বন্দবস্ত কোরে থাকেন, তা
হোলে তো এভটা পথ যে স্থানা গেছে, সে কেবল
পরিশ্রম সার হবে? স্থার বাটীভেই বা কি নিয়ে যা
রঙা যাবে? নিমন্ত্রণে এনে যে স্কুছাত নেড়ে যাওয়া
নে স্থামাকে ভাল লাগে না; তার চেয়ে নিমন্ত্রণে না
স্থামাই ভাল? স্থামি নিমন্ত্রণের পেঁতে ছোকে রেখে
দিয়েছি।

গলাধাকা প্রহারাদি থেয়ে তারপর।
মিষ্ঠান্নতে যদি হয় সম্পূর্ণ উদর।।
মনোমত পুটলীটা করিয়া বন্ধন।
গৃহে বয়ে গেলে তবে তৃপ্তি হয় মন।।
সেই নিমন্ত্রণ সেই ফলারের সার।
এমন স্থলেতে যাওয়া উচিত সবার।

শোভারাম! আমার কথা কি জান? গলাধাকাই হোক, আর পৃষ্ঠে উত্তম মধ্যম প্রহারই পড়ুক উত্তাহা রটা কোরে গৃহে কথঞ্জিত লয়ে যেতেই হবে? পাকা হোলে তার তো কথাই নাই? কাচাঁ হোলে খানকতক মৎস্য, পায়স সরাটা, কতক গুলো ছানাবড়া কি মণ্ডী সংগ্রহ কোতেই হবে?

শোভা। ওচে সকল সেরালেরই এক রা, আমাদের পুর-বাসুক্রমে যেমন হোয়ে আসচে তাইতো হবে। সেবা। বটেইতো? রুদ্ভি কি ছাড়তে আছে?

(नांत्रामत श्रादन)

নেবা। আসুন মশায়! আপনার নিমন্ত্রণে এসে জামা-দের তো গা ধোছে, গ্যাচে।

গীত

রাগিণী সোহিনী। তাল ক্ষেমটা।

এসগো দেবঋষি ভাল যশ কিন্লে শেষে।

গা আমাদের ধোদ্ধে গ্যাচে তোমার নিমন্ত্রণে এসে।

জানিলে আগে এমন, হেথা কি করি গমন,

ঠকামি তপোধন, আরম্ভিলে শেষ বয়েসে।

প্রতিফল হবে হবে, সমান দিন নাহি রবে,

শিক্ষাটী ফুঁ কবে যবে, জানবে শমন ধোদ্ধে কেশে।

নার। কেন বল দেখি?

সেবা। এই তো আশ্রমটীতে লোকে লোকারণ্য হোয়ে ছে, এমত কি, কোনলোকই আত্তে বাকি নাই; এড যে সমারোহ; এদিকে কোন উদ্যোগ দেকে পাচিনে! না লুচী ভাজার গন্ধ ছুটচে, না চিল কাক উড়চে, রকম খানা কি বলুন দেখি?

শোভা। মহর্ষি! আমার একটা কথা শুকুন, বন্দবস্তের বিষয়টা পাকা কি কাঁচা বলুন দেখি?

নার। যাহার যাহা ইচ্ছে হবে, দে তাই পাবে।
সেবা। আমার গতিক বড় ভাল বোধ হোছে না, লোকে
যে কথায় বলে, "নারদের নিমন্ত্রণ, শেষে কি
তাই হবে নাকি?

নার। শেষে জাত্তে পারবে, পেটের ভরে চোলে যেতে প্রতিবনা। শোভা। বলেন কি? ভগবান কি এমন দিন করবেন। নার। কোরবেন কি? কোরেচেন।

সেবা। আপনার মুখে ফুল চন্দন প্রভুক, আমরা তো ভেবে কাট হোয়ে যাচ্ছিলেম।

শোভা। আর একটা কথা জিজ্ঞাসা করি, উদ্যোগটী কি আগ্রমে হোচে, না অহুতর হোতে দ্রব্যাদি প্রস্তুত হোয়ে আস্বে।

নার। তত সংবাদে তোমাদের কোন প্রয়োজন কোচে না,
আমি আসি এখন।

(নারদের প্রস্থান)

শোভা। সেবারাম ! গতিক বড় ভাল বোধ হোর্চে ন', যঠরানল তো ক্রমে প্রদীপ্ত হোয়ে উট্চে।

সেবা। এ আশ্রমে নানাবিধ ফল শোভিত ও ইঙ্কুদি বুক্ষ আছে, এক্ষণে চল তাহাই ভক্ষণ করি গিয়ে; তার পর অদৃষ্টে যাহা আছে তাহাই হবে। (সেবারাম ও শোভারামের প্রস্থান)

অঙ্ক সমাপ্ত।

গভান্ধ। কশ্বপাশ্ৰম। (কশ্বপ আসীন।

কশু। (সগত) কি যে হবে ভেবে কিছু দ্বির কোন্তে পার্চিনে, ত্রিলোক-বাসীগণ আহারাথে আমার আ-আমে আগমন কোরেছেন, আমি এক এক মৃষ্টি অল প্রদান কোন্তে পারবো না একি আমার জন্স আ- কেপ ? (কণেক পরে) দেবঋষির ছুটো হাতে খোরে বোলেছিলেম, যে " বামনদেবের যে উপনয়ন হবে, যা জানলে তুমিই জানলে; আমি আহারে কেবল তোমাকেই পরিতোষ কোরবো,, তাতে সে, এ ষে কাজ কোরেচে, যার সামান্য জ্ঞান আছে, সে ব্যক্তি ও এমন কাজ করে না। (ক্ষণেক নিরব হইয়া) এ সে শক্রতাই কোরেছে, তা নাহলে আমি কি খনের মানুষ, যে ত্রিলোক-বাসীদের আহারে পরিতোগ কোতে পারবো?

(নারদের প্রবেশ)

কশ্ব। নারদ! তুইকি ঋষিরা। ? আমি কাল তোর ছুটো হাতে ধোরে বোল্লেম, তাতেকি তোকে এই কাজ কোত্তে হয় ? কি সর্কনাস উপস্থিত কোরেচিস বল দেখি ? আমার এমত কি সঙ্গতি আছে যে আমি এই মহৎ বিপদ হোতে নিস্কৃতি লাভ কোত্তে পারি ?

নার। মহর্বি! আর বে আপনার ছুটো পাঁচটা সম্ভান সম্ভতি হবে, সে ভরসা নাই; এই বামনদেবকেই শেষ জানবেন। শেষ কার্য্যটা একটু ঘটা কোরে না কোলে কি ভাল দেখায়? আমি এ যে কাজ কো-রেছি, লোকালয়ে আপনি ধন্য ধন্য ববেন।

গীত

রাগিণী আলিয়া। তাল জলদ তেতালা। যে কাজ কোরেছি হবে ধন্য ধন্য নর নামে। কার্য্য না করিলে যেন র্থা আসা ধরা ধামে। আর যে সম্ভতি তব, হইবে সে অসম্ভব, একার্ষ্যেতে মহোৎসব, না করা ছুর্নাম নামে। করি অনেক চিন্তন, বলিয়াছি ত্রিভুবন, ত্রিভুবন জনগণ, আসিবেন তব ধামে।।

- কশু। ওরে তুই পাগল হোয়েচিস? লোকালয়ে যে ধন্য ধন্য হব, তার ধন কোথা?
- না। এসময়ে গুপ্তধন কিছু বাহির করুন; সাংসারিক হোয়ে সকলই শেষের জন্ম রাখলে চোলবে কেন?
- কশ্য। দ্যাখ, তোর কথায় জামার ক্রোধ জার কোন ক্রমেই সহ্য হোর্চে না; তুই কি ব্রহ্মহত্যা কোন্তে এই কাজ কোরেচিস ? জামার যে জার প্রাণধারণ কোন্তে ইচ্ছা কোর্চে না। (সক্রোধে) জাজ তোকেও নিকেশ কোরবো, আমিও নিকেশ হবো?
- নার। মহর্ষি ! ক্রোধ সম্বরণ করুন, আমি কেবল আপনার ভরসাতে এ কার্য্য করি নাই ; ত্রিলোকের জন্মদাত্রী ভবতারিণী অন্নপূর্ণাকে বামনদেবের উপনয়নে আম-স্ত্রণ করে এসোছ ; তিনি আগমন কোল্লে আপনার কিছু মাত্র চিন্তা থাকবে না।
- কশ্য। আমার সে তপস্থার ফল কোথা। আমি যদি সে রূপ ভাগ্যশালী হোতেম, তাহা হলে তিনি এতক্ষণ আগমন কোরে আমাকে অভয় প্রদান কোত্তেন। আমি কায়মনে তার পাদপ্য অনুক্ষণ সার্থ কচিট।
- নার। দেখুন, ত্রিলোকবাসী-লোকেরা সকলে আগমন কোরেছেন, আপনার আর কুটার মধ্যে বোসে থাকা কোনক্রমেই উচিত হোচ্চে না। আপনি একবার, সকলকে আহ্বান কোরে বামনদেবের উপনয়ন কার্য্য

সমাধা করুর। অরপূর্ণার যাহাতে আগমন হয়, তবিষয়ে আমি সত্তর হই। কশ্য। এ ভাল কথা, তবে আমি চল্লেম।

(কশ্যপের প্রস্থান)

নার। হে মা ত্রিলোকেশ্বরি! আপনি দিব্য বসন ও দিব্য মাল্যে বিভূষিতা হোয়ে আছেন র স্কল প্রশোভিত হোয়ে ও থেটকাদিতে আপনার কর সকল স্রশোভিত হোয়ে রয়েছে। হে ত্রিলোক-নিস্তারিণি! বাহারা সংসার বন্ধন মোচন জন্য কায়মনোবাক্যে আপনার ধর্ম অর্থ কাম ও মোক্ষ প্রদ পাদপত্মহয় আরাধনা করেন, তাহাদিগকে আপনি ছন্তর পাপপত্ম হোতে নিস্তার প্রদান কোরে থাকেন। আপনার পদান্ত্রিত নারদ পরোপকারার্থে একটি বিপদ উপন্থিত কোরে তির—ক্ষৃত হোর্চে, আপনি এ কশ্বপাত্রমে আগমন কোরে চরিতার্থ করুন।

भीउ।

রাগিণী আলিয়া। তাল জলদ তেতালা।
ওগো মা ত্রিলোকেশ্বরি আসি দেহ দরশন।
ত্রিলোক-তারিণী তুমি কর ত্রিলোকে পালন।।
করিতে পরোপকার, কোরেছি বিপদাপার,
আসিয়ে কর নিভার, ব্যাকুল হোয়েছে মন।
বিশেষ জানি অন্তরে, যে জন তোমারে সারে,
সংসার বন্দন হরে, সামান্য এ নিবেদম।।
হে যশোদা-নিদ্দনী ! হে নারায়ণ প্রণয়িনি ! হে কুল

হে বরদে ! আপনার জীচরণ কমলে নমকার কচ্চি, আপনি প্রসন্ন হউন।

হে ভক্তানন্দদায়িনি! আপনি ভূজকা ভোগ ৰূপ মেখলা দামে বিভূষিতা হোয়ে পন্নাগ বেষ্টিতা মন্দর পর্বতের তুল্য জ্রীধারণ কোরে আছেন; কলাপি কলাপ যুক্ত উন্নত ধ্বন্ধ দণ্ডে আপনার অনিবচনীয় শোভা সম্পাদন কোচে। হে ত্রিদশেশ্বরি। আপনি কৌমার-ব্রতদারা অমরলোক পবিত্র কোরেছেন বোলে, ত্রিদশ– গণ অমুক্ষণ আপনার স্তব ও পূজাদিতে নিমগ্ন হোয়ে থাকেন। আপনি মহিষাস্থ্যকে বধ কোরে ত্রিলোক রক্ষা কোরেচেন। আমি কায়মনে আপনাকে সারণ কৰ্চি, আপনি প্ৰসন্না হউন। হে শীধুমাংস-পশু-প্রিয়ে! হে নগেন্দ্র বিষ্ণ্যাচলবাসিনি! হে ভূত বে-ষ্টিতা কপালিনি! হে কালি! হে মহাকালি! আমি ভাপনাকে সারণ কচি, আপনি প্রসন্না হউন। হে ছুর্গে! আপনি ছুর্গম হোতে লোককে পরিক্রাণ করেন বোলে আপনার তুর্গা সংজ্ঞা হোয়েছে ; আপর্নি .কুপাদৃষ্টিপাত কোরে এছুগম হোতে আপনার পদা-ত্রিত নারদকে পরিত্রাণ করুন। হে দেবি! আপনি কীতি, লক্ষ্মী, ধৃতি, সিদ্ধি, নৰ্জ্জা, বিদ্যা, স্ভতি, বুদ্ধি, সন্ধা, সর্করী, প্রভা, নিদ্রা, জ্যোৎস্না, কান্তি, ক্ষমা এবং দয়া; আপনার মঙ্গলময় পাদপত্ম আরাধনা কোলে, মতুর্ধার বন্ধন, মোহ, অপত্য-বিনাস, ধন-ক্ষম, পীড়া; মৃত্যু এবং ভয়, এ সকলই তিরোহিত হয়। হে শরণগত-পালিকে! হে ভক্তবৎসলে! হে ছুর্গে!

আমি আপনাকে সারণ কচি, আপনি আমাকে প্র-সন্না হউন।

হে পানপাত্র-দর্বীধারিনী অন্নপূর্ণে! আপনি প্রতিদিনই যাবদীয় ব্রহ্মাণ্ডের জীবগণকে অন্ন প্রদান কোরে তা-হাদের জীবন রক্ষা কোর্চেন, অদ্য কশ্যপ গৃহে আগ-মন কোরে আপনার জীচরণাশ্রিত নারদের মান রক্ষা কর্মন।

গীত

রাগিণী বসন্ত বাহার। তাল আড়াঠেকা।
ওগো অন্নপূর্ণে শিবে ভাকিতেছি কায়মনে!
ভূষিতেছ অন্নদানে ব্রহ্মাণ্ডের জনগণে।।
কশ্যপ আশ্রমে আসি, প্রকাশি করুণারাশি
ভয়ার্ডির ভয় নাসি, মাহাত্ম্য দেখাও জনে।
ব্রিলোক-নিবাসীসবে, এসেছে এ মহোৎসবে,
অন্নদান দিলে তবে, লক্জারবে এইক্ষণে।।
(জয়া বিজয়া সহ অন্নপূর্ণার প্রবেশ)

ভার। বৎস ! তুমি এত কাতর হোয়ে আমাকে সারণ কোর্চ্চ কেন ? আমি কল্য তোমাকে বোলেছিলেম, যে "কশ্যপাশ্রমে আমি নিশ্চিত গমন কোরবো। ,, নার। (দীর্ঘ নিশ্বাব পরিত্যাগ করিয়া) জননি ! প্রণাম হই। (প্রণাম করিয়া) দেবি ! আমার মনোমধ্যে দৃঢ় বিশ্বাস আছে যে আপনি এ অধমকে অপদস্থ করে ন

না; কিন্তু আপনার আগমন কোত্তে এই কিঞ্চিৎকাল বিলয় হোতে আমার ভাবনার পরিসীমা ছিলনা

ভুবনরাসীগণ কশ্যপাত্রমে সমাগত হোতে মহর্ষি

কশ্যপ ক্রোধে উন্মন্ত তুল্য হোয়ে আমাকে অভিস-স্পাৎ কোন্তে উদ্যত হোয়েছিলেন; আমি বিস্তর অ-মুনয় কোরে তাঁকে শাস্তনা কোরেছি।

অন। কমলা তো আগমন কোরেছেন।

नात । अवनी के आत त्करहे नाहे।

অন্ন। মহর্ষি কশুপ একণে কি কোচ্চেন?

নার। তিনি বামনদেবের উপনয়ন কার্য্য সমাধাকোর্চেন

অল। তবে এস্থানে আর কাল বিলম্ব করা উচিত হোচে না; বামনদেবকে আমাকেই ভিক্ষা প্রদান কোন্তে হবে।

নার। জননি! আমারও সেই অভিপ্রায়; আপনি ভিন্ন কে আর বামনদেবকে ভিক্ষা দিতে পারেন; তবে চলুন, আমরা গমন করি।

> (সকলের প্রস্থান) গভাঁক সহ ভৃতীয়াক্ত সমাপ্ত।

চতুর্থাক্ক।
আশ্রমের প্রাঙ্গন।
(কশ্যপ ও পুরোহিতাদি আদিন)
ব্রহ্মচারীবেশে ভিক্ষারঝুলী ক্ষন্দে বামনদেব
দণ্ডায়মান।

(ভগবতী ও নারদের প্রবেশ)

কশ্য। (ভগবতীকে দেখিয়া) জননি! প্রণাম হই।
(প্রণামকরিয়া) মাগো! জামি যে ধনের মানুষ;
তাহা জাপনার জীচরণে অবিদিত নাই; কোনমতে

বাষনদেবের উপনয়ন কার্য্যা সম্পন্ন কোরবাে, এমত
মানস কোরেছিলেম। দেবঝিষি ত্রিছুবন নিমন্ত্রন করার
আমার ভাবনার পরিসীমা নাই; এ বিপদ হােতে
পরিত্রাণ লাভ করা আপনার শ্রীচরণ আশ্রয় ভিন্ন
অন্য উপায় নাই। আপনি কুপাদৃষ্টিপাত কােরে অভীষ্ট সিদ্ধ করুন। হে সর্কমঙ্গলে! হে চিন্তাদূরকারিণি! আমি এই শুভকার্য্যে ত্রতী হােয়েও কায়মনে
অসুক্ষণ আপনার সর্কাভীষ্ট প্রদ পাদপদ্ম হয় চিন্ত
কর্চ্চি;আপনি অন্নপূর্ণারপে আবিভাবা হােয়ে আমার
লক্ষ্যা রক্ষা করুন।

গীত।

রাগিণী বসস্ত বাহার। তাল আড়াঠেকা।
পরমেশি পরাক্ষরে অপরে সর্ক্ষমকলে।
জননি প্রণাম করি তব চরণ কমলে!
বামনের উপনয়ন, তাহে মাগো তপোধন,
নিমন্ত্রণ ত্রিভুবন, কোরেছেন তব বলে।
আমার যত বিভব, মহে অগোচর তব,
অধিক কি আর কব, মান রাখ মা বগলে।।

জন। মহর্ষি ! ব্যাকুল হোর্চ কেন ? তুমি যে কাহার উপনরন কার্য্য সমাধা কোর্চ, মমরুত মায়াদ্বারা মোহিত হোয়ে রোয়েছ বোলে তাহা জাস্তে পাজনা ?
একণে সে কথায় কোন প্রয়োজন কোর্চে না ; ত্রিলোকবাসীগণ যে বামনদেবের উপনয়ন স্বত্রে আমদ্রিত হোয়েছেন,তজ্জন্য তোমার কিছুমাত্র চিস্তানাই ।

কশা। জননি ! প্রণাম হই। জাপনার জাগমনেই চরি-তার্থ লাভ কোরেছি। তৎপর জাপনার এ আশ্বাযবাক্য শ্রবণে আমার সকল ভাবনাই তিরোহিত হোলো।

अझ। वंदमं । अ फिरक छेलनग्रदनत विनम्न कि ?

কশা। যথন আপনার পাদার্পন হোয়েছে তথন আর কোন বিষয়েই বিলম্ব নাই। আপনি আমার বামন-দেবকে ভিক্ষা প্রদান করুন!

আর । এবিষয়ে আমারও বিশেব বাসনা আছে; তবে আর কালবিলয় করা কন্তব্য নহে।

পুরো। (বামনদেবের প্রতি) বামনদেব ! বল; ভবতি ভিক্ষাং দেহি।

ৰাম। ভবতি ভিকাং দেহি।

অন্ন। (ভিক্ষ'লইয়া বামনদেবের প্রতি) হে দেব! আপনি
ব্রহ্মাণ্ডে অবস্থিতি কোর্চেন, ব্রহ্মান্ট্র আপনাতে অবস্থিত হোয়ে আছে; আমি যা কথঞ্চিত আপনাকে
প্রদান কলি, তাহা আপনারই ব্রহ্মাণ্ডস্থিত; আপনার
দ্রব্যই আপনাকে প্রদান কলি। আমি ভিক্ষুকের
পত্নি আমি ভক্তি সহকারে যাহা প্রদান কর্চি, তাহা
গ্রহণ কোরে চরিতাথ করুন। (বামনদেবের ভিক্ষার
কুলিতে ভিক্ষা প্রদান)

বাম। জননি! চরিতার্থ লাভ কোলেম?

জন। (কশ্যপের প্রতি) মহর্ষি! একণে উপনয়নের কার্য্য সমাধা কোরে আহারাদির উদ্যোগ কর; আমি তদ্বিয়ে গিয়া সম্বর হই।

(অনপূর্ণার প্রস্থান)

পুরো। (কশ্যপের প্রতি) মহবি। এদিকের সমস্ত কার্য্যই পরি। সমাধ্য হোরেছে, একণে বামনদেবকে লয়ে দণ্ড গৃহে গমন করি।

(বামনদেব ও পুরোহিতের প্রস্থান)

না। ষহর্ষি । আপনি বামনদেবের উপনয়ন কার্য্য গোপনে গোপনে সু সম্পন্ন কোরবেন, এমত উদ্যোগ কোরে-ছিলেন; কিন্তু আমি ত্রিলোক নিমন্ত্রণ কোত্তে আপ-नात क्लार्थत পतिमीमा हिलना; अधिक कि दोलदा. আপনি আমাকে শাপ প্রদান কোন্তেও উদ্যত হোয়ে-ছিলেন ; এক্ষণে সে সকল কথায় আর কোন প্রয়ো-· अन करत ना ; वामनरमरवत छेशनयन कार्याणि रय প্রকারে সুসম্পন্ন হোলো; এমত কুত্রাপি কাহারও হয় नारे। ভগবান स्राद्या माविजी माञ्जत छेशानकी হোলেন; দেৰগুৰু হুহম্পতিদেব যক্তস্ত্ৰ প্ৰদান কো-লেন, তুমি স্বয়ং মেথলা পরিধান করাইয়া দিলে, তুমি ক্লকাজিন দিলেন, বন সকলের পতি সোম দণ্ড প্রদান বোলেন। মাতা কৌপীনাচ্ছাদন, স্বৰ্গ ছত্ৰ, বেদগৰ্ভ বিধাতা কমগুলু, সপ্তুষি গণ কুশা, বাকবাণী জক্ষমালা যক্ষরাজ ভিকাপান্ত প্রদান কোলেন; আপনাকে অ-ধিক আর কি বোলবো; সাক্ষাৎ সর্বাণী বামনদেবকে जिका मित्नन।

কশ্য। হে দেবৠিব। আপনি যে বিশ্বের হিত চিন্তা করিয়া থাকেন, তাহা কাহার অবিাদত নাই; একণে আনি নাপনার কুপায় চরিতার্থ লাভ কোলেম।

গীত

রাগিনী বাগেঞ্জী। তাল আড়াঠেকা। তিপোধন বিরিঞ্চিনদদন হরিপদ পরায়ণ। বীণাযন্ত্র করে ধরি, হরিগুণ গান করি, দ্বেৰ ঈ্বা পরিহরি, পর-হিতে সদা মন।। তোমার আগ্রয় ধরি, চরিভার্থ লাভ করি, কি বলিব হরি হরি, ধক্ত তপস্থা সাধন।।

নার। ও সকল কথায় জার কোন প্রয়োজন করে না, আহিত জামিকে সমিদ্ধ কোরে সমিদ দ্বারাও হোম কার্য্য সমাধা হোয়েছে, এক্ষণে বামনদেবকে লয়ে দগুগৃহে গমন করুন।

कशा (य जाडा।

(নারদ ব্যতীত সকলের প্রস্থান।
নার। একণে আমন্ত্রিতগণকে আহারে পরিতোষ কোন্তে।
পালে আমি নিশ্চিম্ন হই।

(সেবারাম ও শোভারামের প্রবেশ।)

সেব। মহর্ষি ! আপনার মনোগত ভাব কি বলুন দেখি ?

এক মুটো খেতে পাওয়া যাবে না স্তম্মু মুখে কিরে

যেতে হবে ?

শোভা। মহর্ষি ! দেখুন, " গৃহে আহার কোরে, বামন-দেবের উপনয়ন দেখা ,, স্মাপনার এমত নিমন্ত্রণ করা উচিত ছিল।

गांत। त्कन वल (मिथि?

(t)

শোভা। মশার ! আহারাদি যত হবে তা জাত্তে পেরেছি, আমরা ফলার-কীট ; যে খানে ফলার, কি নিমন্ত্রণ কি অনিমন্ত্রণ জামাদের পারের গুলো জাগে পড়ে।

সেবা। ওহে শোভারাম ! এ মহর্ষির নিমন্ত্রণে জাসাই জনোচিত হোয়েছে, জাজ বংসে কামারের মায়ের প্রাদ্ধ
ছিল, সে দশটাকা ব্যয় কোচে, পাকা বন্দবস্ত কোরেছে; সেথানে গেলে এক পেট থাওয়া হোডো,
অথচ কতকগুলো দ্রব্যাদিও মরে আস্তো।

শোভা। আমাদের পোড়া কপাল; তাই এখানে এদেছি, (নারদের প্রতি) মহর্ষি! তোমার মনেমনেও কি এত ছিল? এ তোমার এক রক্ম ব্রহ্মহত্যা করা হোজে, আমরা ক্ষ্পাতে আর দাঁড়াতে পাছিনে।

গীত।

বাউলের সুর।

ভ্রেন বোলবে। কি ঋষি ভোমায় বাঁচিনেকো আর।
ব্রহ্মহত্যা কোতে বুঝি নিমন্ত্রণ হে তোমার।।
ক্রমন হবে না জানি, দেখ লাগচে ভোক্চানি,
দাড়াতে পাছিনে উঠে কাঁদচে পেটখানি;
ক্রার বাঁচ লে ভোমার নিমন্ত্রণ করবে। শত নমকার।

সেবা। মহর্ষি ! আমরা জান্তেম, আপনি কেবল বিবাদ কচকচি নিয়ে থাকেন, এদানি যে আপনার আবার এ রোগটা বেড়েছে, তা আমরা জান্তেম না ? (শোভা রামের প্রতি) ওহে শোভারাম ! চল, এস্থান হোতে শোষ্ঠা। উচিত হোয়েছে, আর এস্থানে খাকলে নাড়ী জীর্ণ হোয়ে যাবে।

সেবা। আমাকে তো ভোক্চানী লাগচে।

- নার। তোমরা যে ভারি আশ্চর্য্য কোচ্চ দেখচি ? ত্রিলোকবাসীদের নিমন্ত্রণ করা গ্যাচে, তোমাদের মতন আর
 তো কেহ ব্যস্ত হোর্চেনা ? সমারোহের কার্য্য হোলেই
 একটু বেলা হয়, তাও তেমন কিছু বেলা অধিক হয়
 নাই ?
- শোভা। মশায়! ত্রিলোক-বাসীদের কথা ছেড়ে দিন, কেহ চোরাপত্তি কোরে এদেছেন, কেহ কেহবা অগাধ বিষয়ের অধিপতি হোয়ে ক্ষুধাতৃষ্ণা কেমন তা জানেন না; আমরা কেবল স্নান আহিক কোরে আদখানি আদা চিবিয়ে এসেছি।
- শেষা। নেবঞ্জি। সমারোহের কার্স্যে বেলা যে হয় তা আমরা জানি; অন্ত অন্ত স্থানে লুচিভাজাঘিয়ের খোসবর ছুটতে থাকে, নিন্টালের আমনানীতে মাচী বোলতাগুলো নেচে কুঁদে বেড়াতে থাকে, বাটার সমূখে চিন কাকগুলো উড়ে বেড়ায়; সেসব দেখে মনটা ঠাগু। থাকে; এখানে যে দক্ষিণহন্তের ব্যপার হবে তার কিছু মাত্র চিছ্ন নাই; সাধেকি মন ব্যাকুল হোয়ে উঠেছে?
- শোভা। দেবঋষি! সারএকটা কথা কি জানেন? আজ
 যদি এখানে কিছু নাহয়, তাহাহোলে আমাদের উপকাস কোরে থাকতে হবে। আপনার কাছে আরতো
 "ঢাক ঢাক ,, নাই। আমরা যে পৃথিবীতে এসে জন্ম-

প্রহণ কোরেছি, সে কেবল দিনগত পাপক্ষ কোতে জানবেন।

কশু! (নেপশ্য হইতে) আমন্ত্রিত ব্যক্তিগণকে আহারার্থে আহ্বান করা যাচে, যথাযোগ্য স্থানে আমন
পরিগ্রহণ কোরে আমাকে চরিতার্থ করুন।
নার। (নেপথ্যের দিক দেখাইয়া শোভারাম ও সেবারামের প্রতি) ঐ মহর্ধি কশ্যপ আহারার্থে আহ্বান
কোর্চেন, আর বিলয়ে কাজনাই, প্রস্থান কর।
শোভা। তা জার একবার বোলচেন, "শুভশু শীভ্রম,,
(সেবারামের প্রতি) এসহে আর বিলয় করা নয়?
সেবা। (নারদের প্রতি) মশায় ও এই সঙ্গে আমুন,
কুলান অকুলান আছে, এই বেলা কাগ্যটা সেরে নে-

গীত।

বেন চলুন।

বাউলের সুর।

বলি, এই বেলা বোদবে চল ওহে তপোধন।
শেষে না কুলুলে হবে বিপদ ভারি তথন।।
কর যাহা ইচ্ছা তাই, পেটে থাওয়া আগে চাই,
পেটের চেয়ে ত্রিসংশারে কিছুই আর নাই।
পেট ফাঁদিলে কোন কাজে দ্বির থাকেনা কভু মন।।
নার। আমার হোক আর নাই হোক, তোমরা এখন চল।

্ সকলের প্রস্থান) চতুর্থান্ধ সমাপ্ত ! - ♦೧०० -

গভাস্ক। পাকশালার সন্মুখ। কমলা ও অন্নপূর্ণা দ্রোয়মানা। (কশুপের প্রবেশ)

কগু। (যোড়হন্ত করিয়া) মারো। আহারাহে ত্রিলোন কের লোককে আহ্বান কোরে এলেন, সকলেই আসন গ্রহণ কোরেছেন। (নেপথ্যেদিকে চাহিয়া) আপ্রদি যে অন্নাদি প্রস্তুত কোরে রেখেচেন, ইহান্তে বিদ প্রচিশ জনের পরিতোধ হওয়ান্ত সন্দেহ; আপনি এক কালান ত্রিলোকের লোককে আহ্বান কোনে বোল-লেন, কি হবে মা? আমার যে হুৎকম্প হোজে।

বানিনা বিষেটে ধান্বাজ। তাল আড়া ক্লেমটা।
ক্রীচরণ বিনে ওগো শিবে নাহি অন্য ধন গো।
হংকম্প হোর্চে মম দেখে আয়োজন গো।
এসেছে ত্রিলোকবানী, সবে আছে উপবার্না,
চাহি অন্ন রাশি রাশি, করমা দশনগো।
অত্যত্পা এ আয়োজন, এতে তুষিবে কজন,
কি কোরে সকল জন, বসাব এখন গো।।

অন্ন। মহ্বি'। তোমার কিছু মাত্র চিন্তানাই, আমি যে অন্নাদি প্রস্তুত কোরে রেখেছি, তাহাতেই সমস্ত কার্য্য নির্বাহ হবে।

কশ্য । এ সামান্ত আয়োজনে হবে না মা? লোকের উদর

পূর্ণ না হোলে আমার মনস্তাপের পরিসীমা থাক-

- বেনা ? এককালীন সকলকে আহ্বান না কোরে ক্রমে ক্রমে বসালে ভাল হোতো।
- জন। কশুপ! আমি তোমাকে পুনঃ পুনঃ বোলচি, তুমি কোন চিন্তা কোরোনা। একণে অত্যে তুমি বামন-দেবের আহারের উদ্যোগ কোরে দাও, আমি পরি-বেশন কোরে আসি।
- কশ্য। জননি ! বামনদেবের হবিষ্যান্ন এখন প্রস্তুত হয়
 মাই, তাহা পশ্চাত হবে।
- আর। আমি তাহা প্রস্তুত কোরে রেখেচি, তুমি অগ্রে তথায় গমন কর।
- কশ্য। দেবি : যাবদীয় লোকের আহারের অগ্রে বামন । দেবকে আহার করাতে আমি শক্ষিত হজি। গীত

রাগিণী ঝিঁঝিট খাদ্বাজ। তাল আড়াক্ষেমটা।
কি কারণ ওমা অন্নপূর্ণে বলিছ এমন গো।
সমাগত হোয়েছেন ত্রিলোদের জন গো।।
ব্রহ্মাদি যত অমর, যিদ্ধ চারণ কিন্নর,
মুনি ঋষি বিভাধর, আদি কত জন গো।
অগ্রভাগ কিক্কপেতে, বামনেরে দিব খেতে,
অশুভ ভাবি মা এতে, কি করি এখন গো।

ভন্ন। মহর্ষি ! তুমি সামান্য সাংসারিক মায়ায় মো-হিত হোয়ে এ সময়ে অনর্থক বাক্য ব্যন্ন কোর্চকেন ? যন্তাপি উপস্থিত দায় হোতে পরিত্রাণ লাভ কোত্তে ভোষার বাসনা থাকে, তাহা হোলে আমি যাহা বোলবো ভাহাই কর। যে জন্মদি আমি প্রস্তুত কোরে রেখেচি, তাহাতে কমলা যতবার চৃষ্টিপাত কোরবেন, সহস্র সহস্র গুণে তাহা রদ্ধি হবে। আমি সেই জন্মদি পরিবেশন কালে দুই হন্তে গ্রহণ কোলে, তাহা সহস্র সহস্র হস্তে গ্রহণ করা হবে; একব্যক্তিকে পরিবেশন কোলে সহস্র সহস্র ব্যক্তি আহারে পরি-ভৃগ্তি লাভ কোরবে। অধিক আর ভোমাকে কি বোলবো।

কগু। জননি! আমার আপনাদের জ্রীচরণ ভিন্ন আর অন্য ভরসা নাই। (স্বগত) হে মধুসুদন! এ বিপদ হোতে পরিত্রাণ করুন।

কম। কশ্বপ! আর তোমার এখানে বিলয় করা উচিত হোকেনা, তুনি এত্রে বামনদেবের আহারের উত্তোপ কোরে দাও। যজেশ্বের উদ্দেশে বামনদেবকৈ অন প্রদান করা যাক।

কশ্য। যে আজে, তবে আমি চল্লেম। (কশ্যপের প্রস্থান)

কম। (অন্নপূর্ণার প্রতি) দেবি। আর বিনয় করা উচিত হোর্চেনা; বেলা অধিক হোমেছে, আমস্ত্রিতগণে কুধা আর সভাকোতে পার্চেনা।

জন। আর বিলম্ব কি ? ভুমি পাকগৃহে অবস্থিতি কোরবে চল।

> (সকলের প্রস্থান) গর্ভা**ন্ধ সমাপ্ত।**

(দ্বিতীয় গর্ভাস্ক)

রাজ-বন্ধ বিটরক্ষের মূল। (বিরুপাক্ষ ও লোহিতাক্ষের প্রবেশ)

লোহ। বিরে ! পেট নিয়ে আরতো নোড়তে পার্চিনে? আমি এই শুলেম (শয়ন করিয়া) যাই যে রে? একটু বাতাস করনা ভাই?

বিরু। বেশ ' আমারও নাকি শরার সহজ আছে যে আমি বাতাস কোরবো?

(लाहि। जुड़े छवि नांकि?

বিরুষ শোয়া হবেনা, আমার অমুলে গাত; শুলে কট আরো অধিক হবে।

- লোহি। হ্যারা। রকমখানা কি বনদেখি ? কত জায়গায় নিমন্ত্রণ যাওয়া গ্যাছে, এমন আশ্চর্মা কাণ্ডতো কো-থাও দেখা যায় নাই ?
- বিক। আশ্চর্ন্য বোলে আশ্চর্না? ভুইতো শেষে গিয়েচিস,
 তথন থেতে বসা থাজে। আমরা যথন গিয়েছিলেম
 তথন কেবল দেবতার। এসেছেন, তার পর ক্রমেক্রমে
 হই হই রই রই পোড়ে গেলো। বাবা আর খুড়োমশায়
 গা টেপা-টিপি কোরে বলেন, যে " ক্শ্রপ আজ ধাউমো কোলে,
- লোহি। (গাত্রোপান করিয়া) এ কথা ভারা কেন বো-লেছিলেন, কশাপ আজ যে রকম ভোজ দিয়েছে, এমন স্থার কেও পারবে না।

- বিরু। এ কথা বলবার কারণ কি জান, তথন আমরা কিছুই উল্লোগ দেখতে পাই নাই। এত লোক খেলে
 তরকারি সাঁতলাবার একটা হাঁকি হোঁ কি চোঁ চাঁ
 শক্ষ পাই নে।
 - লোহি। বোলতে কি, কশাপ আজ ভারি বুজরুকি দেথিয়ে দিয়েছে? বিরে! যেছুঁ ডিটে পরিবেশন কোলে,
 ওটা কে ভাই? ওর পরিবেশন দেখে আমি অবাক
 হোরে গিয়েছি। একসকে যে লোক খেতে বোমেছিল,
 যতাপি বিশ পঁটিশ হাজার লোক পরিবেশন কোতো
 তাহা হোলেও পার্ভো কি না সন্দেহ; ছুঁ ডিটে ছুট
 হাত নেডে, খুর খুর কোরে এমি পরিবেশন কোলে,
 যে একরতি ঘামলে। না।
- বিরু। পরিবেশনের আর একটা আশ্চর্যা দেখেচিস, এক পাতে পরিবেশন কোত্তে হাজার হাজার পাতে পরি-বেশন হোরেছে।
- ক্যেহি। সকলই আশ্চর্য্য দেখা গ্যাচে, একটা হাঁড়ী আর একখানা হাতা নিয়ে পরিবেশন কোলে; কিন্তু সেই একটা হাঁড়ীর ভিতর হোতে যে যা চেয়েছ, তাকে তাই দিয়েছে। আমি ছানাবড়া চাইলেম, আমাকে ছানাবড়া দিলে, তুই রসগোলা চাইলি, ভোকে রস-গোলা দিলে, সেজো খুড়ো সুকো চাইলে, তাঁকে স্কু দিলে; কি আশ্চর্য্য ভাই ? একটা হাঁড়ীর ভিতর থেকে কাঁচা পাকা সব রকম বার কোরে দিলে। ধকা! ধকা! ধকা! কশাপকে ধকা!

বিরু। ভাই! আজ এ " ধন্ত ,, রবে কশ্যপের আশ্রম ফেটে যার্চে।

লোহি। বীরে ! এত বকা যার্চে, তবুতো পেট কোমচে
না ভাই ? কাঁচা পাকা দ্রব্যে আজ উদরের ভিতরে
যেন রেক্তার গাঁথনি কোরে আসা গেছে।
বিরু ! আজ আর জলস্পর্শ কোর্ডে পারা যাবে না।
গীত

বাউলের সুর।

থেতে আর হবেনা আত্ম কিছু ওরে ভাই।

ঘরে গিয়ে শুতে পেলে প্রাণে এখন বেঁচে যাই।।
পেটে খেল্চে না হাওয়া, একি হোয়েছে খাওয়া,
খাওয়া নয় এ ভাবতে গেলে যমপুরে যাওয়া,প্রাণ বাঁচে না ওরে দাদা প্রাণ কোর্চে যাই ফাই।।
তেঝা পেয়েছে ভারি, জল ছুঁতে না পারি,
ভিল ধরেনা পেটে আর একি অকমারি।
শেষ খাওয়া হোয়েছে আত্ম এমন খাওয়া দেখি নাই।।

লোহি। সুত্র আজ! এমন ক দিন অনি অনি যে যাবে তা বোলতে পাজিনে। অতিরিক্ত আহার কোলুেই অসুথ হয়, আজ যে প্রকার থাওয়া গ্যাচে, তাতেতো অসুথ মাথার উপর যুজে।

বিশ্বণ আমরা এখন লোহার কড়াই খেয়ে হজম কোরে ফেলতে পারি, আমাদের অসুথ কি হা ? এ বয়েদে আর সহজ শরীরে, পেটের পীড়া কি নিকটে আস্তে পারে দু লোহি। বা ভাই, জামার ভর হোরেছে? জামার জালা বরেদে কেমন একটা জন্মলের রোগ জন্মছে, তাতে খাওয়া লাওয়া নাই বোলেই হোলো; কুষার নাম থাকে না, সর্কালাই কাঁচা তেঁভুল গে লার মতন উদ্ধার উঠতে থাকে; থেতে বোসলে, থেতে থেতে ক্রেন বেশ থেতে পারি; তার পর উট্লে ক্রমে পেট ফুল্ডে থাকে, জাবার পূর্কবৎ জন্ম এসে ঘোগাড় দ্যায়। এই কন্যপের আশ্রমে থেয়ে এসে জামার যে কি জন্মথ কোর্চে, তা জার বোলে জানাতে পারিনে। জন্মভব কোচি, আজবা এ পথে পোড়ে থাক্তে হবে?

বিরু ! তা হোলে কি রক্ষা আছে ? মড়া মনে কোরে শি-য়াল কুকুর এসে পা ধোরে টানা ঠানি কোরবে । এখন আত্তে আত্তে চল, গৃহে গমন করা যাক । লোহি । চল, তবে ।

> (উভয়ের প্রস্থান) দ্বিতীয় গভাস্ক সহ চতুর্থাক্ষ সমাপ্ত।

পঞ্চমান্ধ।

কশ্যপাশ্রম।

(অদিতি ও কশাপ আসীন)

অদি। বামনদেবের পৈতেটাতে আমাদের খুব সুখ্যাতি হোরেছে; আমার মনে মনে ভারি ইচ্ছে ছিল, যে এ কাজটা একটু ঘটা কোরে কোরবো, তা বোলতে কি? আমার তেমি মনের মতন হোরেছে! কোন বিষয়ে অকলান হয় নি। এত যে লোক জন থেরেছে কিন্তু যথনি ভাণ্ডারে নিয়ে দেখেচি, তথনি ভাণ্ডার দ্রবাদিতে পরিপূর্ণ হোমে রোমেছে। কি দেবগণ কি অস্তরনিকর কি যক্ষণ কি সিদ্ধ চারণ, গন্ধর্ম ও কি-মর; সকল লোকই ধভা ধভা কোরেছে।

গীত।

রানিণী খায়াজ। তাল কাওয়ালী।
ওহে কাহার হয় না কভু এমন।
বল কি ছিল আশ্রমে নাথ তব আয়োজন।।
কোলো হোলো ভাল রূপে লোকত্রয় ভোষণ।
দেব ও যক্ষ রক্ষ গন্ধর্ক নর,
কিন্নর দানৰ বিস্তাধর,
চারণ প্রভৃতি শিবচর,
বলিছে ধনা ধনা তব কাজে এখন।।

কশ্য ্প্রিয়ে: এ বিষয়ে আমাদের ধনা ধনা কিছু মাত্র নাই, অন্নপূণা ও কমলা ক্লপাদৃষ্টিপাত কোলুেন বো-লেই রক্ষা হোলো, নতুবা বিপদের আর পরিদীম। ছিল না; ত্রিলোকবাদীদের আহারে পরিভুষ্ট করার কথা আর কি বোলবো, আমি পাচটী লোককে ওদর পূর্ণ কোরে থাওয়াতে পাত্তেম না।

(वामनामादव श्रायन)

বাম। ছে তাত। অবগত হোয়েছি, বছতর অশ্বমেধ দ্বারা বলিষ্ঠ বলি মজ কোর্চেন, ব্রাহ্মণদিগকে প্রচুর এর্থাদি প্রদান কোচেন, যদ্যাপি আপানি আমাকে অসুমতি করেন, তাহা হোলে বলির নিকটে গমন কোরে কথ-স্থিত জিলা যাচঞা করি .

গীত।

রাগিনী খায়াজ। তাল কাওয়ালী।
ওহে তাত শুনচি হেন প্রবণে।
বলি আরম্ভ কোরেছে যজ তুষিতে ব্রাহ্মণে।।
কর কর অনুমতি যেতে বলি-সদনে।।
তাত হে অর্থহিন র্থা জীবন,
নির্ধনে অবজ্ঞা করে জন,
সংসারে প্রধান জানি ধন,
জানিব ধন আমি তব দুঃখ মোচনে!

- আদি। বামন ! আমি তোমাকে তথার প্রমন কোন্তে
 নিষেধ করি, সে ছুরাচার আমার পুজ্রগণের সমস্ত
 অধিকার গ্রহণ কোরেছে; ইন্দ্রাদি অমরগণ দেবরাজ্য
 পরিত্যাগ কোরে লুকাইত ভাবে আছেন, ভুমি যে
 আমার গর্ভজাত, ইহা সে ছুরাচার শ্রবণ কোনে।
 তোমার অনিষ্ট সাধনের জন্য বিশেষ অস্বেষণ
 কোরবে।
- বাম। জননি ! এমত কখন হোতে পারেনা, আমি ব্রহ্মন চর্ম্যাবলয়ন পূর্কক কালাতিপাত কজি, আমার প্রতি দৈত্যরাজের ছেঘের কোন হেতু নাই। আপনি আনু মাকে অনুমতি করুন, আমি সহরেই বলির যজহুলে গমন করি।
- কশ্য। বাপু! ইন্দ্রাদি দেবগণ আমার অপত্য, দৈতা-দিগের সহ দেবগণের বৈরিত্ব ভাব; একারণ বলির যঞ্জে

তোমার যাচঞা কোত্তে যাওয়া কোনক্রমেই বিধেয় নহে?

- বাম। পিত! দানশীল ব্যক্তিগণ দানের সময়ে কাহাকে বৈরি বিবেচনা করেন না। ব্যক্তি বিশেষে তাঁরা যথ। যোগ্য দান দিয়ে থাকেন। আমি ভিক্ষুকরূপে দৈত্য-রাজ বলির নিকটে সমাগত হোলে তিনি অবশ্যই আমার মনোর্থ পূর্ণ করেন।
- কশ্য। বংস! আমার যে বৃত্তি আছে, তাহাতে আমাদের সচ্ছলকপে জীবিকা নির্দ্ধাহ হোতে পারবে; দৈত্য-রাজের নিকটে তুমি ভিক্ষুককপে গমম কোলে, জন-সমাজে আমাদের অত্যন্ত হেয় হোতে হবে।
- বাম ! পিত ? আপনাকে যে কোন কথা বলি, আমার সে
 ভান নাই ; তবে আপনার অনুগ্রহে আমি যে সামান্য
 ভানলাভ কোরেছি, তাছারা, অনুভব করি, যে ব্রাদ্ধণের পক্ষে যাচঞা হেয় নহে। যখন উপনয়ন কালে
 "ভবতি ভিক্ষাংদেহি ,, বোলতে হয়; তখন ভিক্ষাই
 ব্রাদ্ধণের জীবনযাত্রা নির্কাহের হেতু বিবেচনা কোতে
 হবে। তৎপর যদিচ আমাদের জীবিকা নির্কাহের
 উপায় আছে, তথাচ ধনসঞ্জয় করা বুদ্ধিমান ব্যক্তির
 কার্য্য আপেনি প্রসম্বনে আমাকে অনুমতি করুন,
 আমি দানবেন্দ্র মহাদানশীল বলির নিকট গমন করি।
- কশ্য। (অদিতির প্রতি) প্রিয়ে ! বামনদেবের বাক্য শুনে প্রবণ সফল হোলো; আমি যেমন দীনত্রখী; বামনদেব আমার তেমি পুত্র বটে, অমুভব করি, বামনদেব হোতে আমরা পরম সুখে থাকবো,

অদি। ভগবান আমার বামনদেবকে চিরজীবি করুন। গীত।

রাগিনী পাহাড়ী ঝিঁঝিঁট। তাল আড়া ঠেকা।
হায়! বিধি কোরেছেন কি সুখী আমার মন।
সন্তান যা দিয়েছেন তাহা অমূল্য রতন।।
এ কেবল ফুপা তাঁর, তিনি করুণাআধার,
অধিক কি কব আর, এই প্রার্থনা এখন!
অমুক্রণ যেন মন, চিত্তে তাঁর জীচরন,
চিরন্ধীবী পু্জ্রধন, হয় এই নিবেদন।।

বাম। (কশুপের প্রতি) পিত! আর বিলম্ব কোজেন কেন? আমাকে অমুমতি করুন, আমি প্রস্থান করি।

কশ্ব। বৎস। তোমাকে অধিক জার কি বোলবো, প্রস্থান কর; কিন্তু তথায় যেন কোন বিপদ উপস্থিত না হয়। তুমি যাবৎকাল প্রত্যাগমন না কোরবে, জামর। তাবৎকাল তোমার আসাপথ চেয়ে রইলেম।

বাম। তজ্জন্য কোন চিন্তা কোরবেন না ; তবে আমি আসি এখন।।

(वामनदमदवत श्रञ्जान।

কগু। (অদিতির প্রতি) আমিও সন্ধান বন্দনাদি, করি গিয়ে, তুমিও গৃহকার্য্যে সম্বরা হও।

(উভয়ের প্রস্থান)

পঞ্চমান্ত সমাপ্ত।

यर्छ यक्त ।

নর্মদার উত্তর তট ভৃগুকচ্ছ ক্ষেত্র।

(ঋত্বিকগণ সহ বলিরাজা আসীন)

(दांमनदम्दरत क्षात्रम्)

বলি। (গাঁত্রোপান করিয়া) আসিতে আজ্ঞাহোক, চরিতার্থ লাভ কল্লেম, প্রণাম হই। (প্রণাম করিয়া)
পিতৃপুণ্য ও দেবতা প্রসন্ন ভিন্ন এমত ভাগ্যোদয় হোজে
পারেনা, জাসন গ্রহণ কোরে কুপা প্রকাশ কর্মন।

বাম। জয়স্ত (বলিয়া আসনে উপবেশন)

বিলি! (সগত) এমত বাপতো কথন দেখি নাই, দাক্ষাৎ
দিবাকর কি এ যজ্জন্তলে এদে উদিত হোলেন? না
অনল কি সনৎকুমার আগমন কোলেন? এর অঙ্কের
দীপ্তিতে ঋতিকগণ সকলেই এককালে হতপ্রভ হোয়ে
গ্যাচেন। (ক্ষণেক পরে) কি অভিপ্রায় এখানে
আগমন কোরেছেন, প্রথমতঃ ইহা জানা আমার আবশ্যক হোয়েছে; তৎপর যন্তপী কোন অভিলাষ
কোরে এদে থাকেন, তাহাহলে প্রচুর ধনদ্বারা এর
সন্তোষ সাধন কোরবো। (প্রকাশ্যে) হে ব্রহ্মণ!
আপনার আগমন কোথা হোচে, তাহা জান্তে আমি
বিশেষ ইচ্ছুক হচ্চি, যন্তপি রূপা প্রকাশ কোরে ব্যক্ত
ক্রেন, তাহা হোলে চরিতার্থ লাভকরি।

গীত।

রাণিনী পাহাড়ী ঝিঁঝিট। তাল আড়াঠেকা।
হায়! হে বামনদেব নিবেদন শীচরনে।
হতেছে গমন কোথা শুনিতে বাসনা মনে।!
ক্লপাকণা বিতরণ, যদি করেন এখন,
তাহলে এ দীনজন, লভেহে সম্ভোষ মনে।।
অধিক কি আর কব, হেরিয়ে ও পদ তব,
ভাবি বিফল বিভব, বলিতেছি কায়মনে।।

বাম। মহারাজ! আপনার যজ্ঞ দর্শনার্থে এখানে আগমন কোরেছি।

বলি। ইহাপেকা আর আমার ভাগ্যাদয় কি আছে? হে প্রের্ড! আমার অনুভব হোচেছ, আপনি ব্রহ্মর্থিগণের সাক্ষাৎ তপস্যা স্বরূপ; আপনি আমার যজ্জন্তলে
আগমন করায় আমার পিতৃগণ তৃপ্তিলাভ কোরেছেন,
আমার কুলপবিত্র হোয়েছে, আমার যজ্জ্ঞ উত্তমক্রপে
অনুষ্ঠিত হোলো। অমি সমুহও যথাবিধি ছত হোলন। হে বিপ্রতনয়ঃ আপনার পদ প্রকালিত সলিলে
আমার সর্কপ্রকার পাপ ধৌত, এবং আপনার স্কুকোমল ক্ষীণ চরণকমল স্পর্শে আমার এ ভুমি পবিত্র
কৃতা হোলো। হে দ্বিজনন্দন! আমি অনুভব ক্ষি,
আপনি কোন জভিলাধ সূত্রে আমার এ যজ্জন্তলে
পাদার্পণ কোরেছেন; আপনার বাসনা ব্যক্ত কোক্ষে
আমি ভিষ্বয়ে সম্বর হই। হে প্রস্তাপদ! গাভি, স্কুবর্ণ,
উত্তম আবাস, স্কুমিন্টায়, কন্যা, গ্রাম, আর ক্রি,

অথবা বিমান ; আপনার ঘাহা অভিলাষ হয় গ্রহণ করুন ৷

बाम। द् तांकन। जांशनांत नम्ह वांकाहे स्नृठ, धर्म যুক্ত ও যশক্ষর, জাপনি যে কুলে জন্মগ্রহণ কোরেছেন, বাক্যও তত্ত্বপযুক্ত বটে, আর তাহা না হইবেই বা কেন ? ভৃগুগণকে ও আপনার পিতামহ কুলশ্রেষ্ঠ সুধীর পরম বৈষ্ণৰ প্রহলাদ কে, আপনি পারলৌকিক ধর্মে প্রমাণ পেয়েছেন। হে দানবেন্দ্র আপনাদের এ দানবকুলে এমত নিঃসত্ব অথবা কুপণ কেহই জন্মগ্রহণ করেন নাই, যে অঞ্চিকার কোরে কোন ব্রাহ্মণকে প্রত্যা-খ্যান কোরেছেন। হে অনঘ! দান অবসরে কিয়া সমর সময়ে অর্থি কর্ত্ত্ক প্রার্থিত হোমে পরাজ্ফুখ হয়, এমত কোনব্যক্তি আপনাদের কুলে নাই। আকাশে যেমত নক্ষত্রনাথ শশধর দীপ্তি প্রকাশ কে:তেন, সেইরূপ মহাত্মা প্রহলাদ অতুলা যশে উদ্যোতিত হোয়ে আ-ছেন। অপর আপনার এই বিখ্যত কুলে মহাবলিষ্ঠ হিরণ্যাক্ষ জন্মগ্রহণ করত গদাধারণ পূর্ব্যক দিগ্রিজয়ার্থে একাকি সমস্ত লোকে ভ্রমণ কোরে, প্রতিযোদ্ধা প্রাপ্ত হন নাই ৷ হে সত্যত্ৰত ৷ ভগবান বিষ্ণু যে সময়ে কিতি উদ্ধার করেন তৎ দময়ে অতিকটে দেই হিরণ্যাক্ষকে বধ করিয়াছিলেন। তৎপরে হিরণ্যকশিপু ভ্রাতার मृजुा नः तोष खतर। खो इंश्लोत श्री। इत्। र्थ गमन क-রায়, ভগবান তাঁহার নাশারক্স, দিয়া প্রবেশ করত লুক্কা য়িত হইয়াছিলেন। হে বিরোচন-তনয়! আপনার

পিতা প্রহ্লাদ-নন্দন বিরোচন; এমত দিজ সেবামুরক্ত ছিলেন, যে আপনার বৈরি যানিতে পারিয়াও যাচিত হওয়াতে কপট ব্রাহ্মণবেশধারী অমরগণকে আপনার প্রমায় প্রদান কোরেছিলেন। আপনিও গৃহমেধি ব্রাহ্মণ ও অগ্রজ শূরগণ, তথা অপ্র অপর উদ্দাম যশস্থি মহাআগণের আচরিত ধর্মাশ্রয় কোরে আছেন। হে দৈত্যরাজ! আমি বিশেষ জানি, আপনার নিক্ট ভিক্ষার্থি বৈমুথ হয় না, একারণ আমি আপনার এ বজে, সমাগত হোয়ে প্রার্থনা কর্চ্চি, আমার এই পদের তিন পদ পরিমাণ ভুমি প্রদান করত আমার অভি-লায় সংপ্রণ করুন। হে দৈতোক্ত। আপনি সকল লোকের ঈশ্বর সত্য ; কিন্তু আপনার সমীপে আমার ইহা ব্যতীত অন্য অভিলাষ নাই; জ্ঞানশীল ব্যক্তি যাবং বিষয়ে প্রয়োজন, তাহাই প্রতিগ্রহ করেন; তাহাতে পাপভাগী হন না।

বলি। হে বিপ্র-নন্দন ' আগনি যে সকল কথা বোললেন,
তাহা অতি বৃদ্ধ ও জ্ঞানশীল ব্যক্তিগণেই বলিয়া থাকেন। তুমি বালক; তোমার বৃদ্ধি অজ্ঞের সদৃশ,
স্বার্থ বিষয়ে তোমার বোধ রহিত। কি থেদের বিষয়;
আমি সকললোকের অবিপতি; আমি মনে কোলে
সহজেই একটা দ্বীপ প্রদান কোত্তে পারি। আপনি
আমার নিকট বহুল বাক্যের আড়য়র কোরে, শেষে
এই যৎ সামান্য ত্রিপাদ মাত্র ভূমি প্রার্থনা কোলেন ?
প্রচুর পরিমাণে হত্তিকরী ভূমি প্রার্থনা করুন।

গীত।

রাগিণী সিন্ধু খাস্বাজ।তাল কাওয়ালী।
করিলেন যে প্রার্থনা নহে সে শোভন।
তুমি বালক হে কব কিবা আর,
প্রাথনা বল কি পুনর্কার,
চাহ হে চাহ হে চাহ হে ধন।
তুমি যাহা চাবে তাহা দিব হেন মম মন।।

বাম। হেরাজেন্দ্র যে ব্যক্তি অজিতেন্দ্রিয় ও তৃঞ্চার অধিন; ত্রিলোক মধ্যে যাবদীয় প্রিয়তর বিষয়াদি আছে, তৎসমুদায়ও তাহাকে পরিতৃপ্ত কোত্তে পা-রেনা। যে ব্যক্তি ত্রিপাদ পরিমিত ভুমি প্রাপ্ত হোয়ে তৃষ্ণার পরবর্ত্তা হোয়ে থাকে, সে একটা দ্বীপ প্রাপ্ত হোমে কি ক্রপে তুপ্তি লাভ কোত্তে পার্বে ? তৃষ্ণাশক্ত ব্যক্তি একটা দ্বীপ প্রাপ্ত হোলে, নববর্ষ নহ সপ্তমীপ লাভে ভাতিলাষ করে। হৈতা, গদ প্র-ভূতি ভুণতিগণ সপ্তদ্বীপ লাভ কোনেও অৰ্থ ও কাম দ্বারা কৃষ্ণার অন্ত লাভ কোতে পারেন নাই। যে ব্যক্তি যদুচ্ছা লক্ষ বিষয়ে সন্তোষলাভ কোরে থাকেন, তিনিই সুখী; অসন্তুট অজিতাত্মা ব্যক্তি ভূৰন প্ৰাপ্ত হোলেও মন্ত্রেষ লাভ কোতে পারেন না। পণ্ডিতের বোলেচেন, অর্থ ও কাম বিষয়ে যে অসম্ভোষ, তাহাই পুরুর্বের সংস্তির মূল ও যদৃচ্ছা লাভে যে সম্ভোষ, তাহাই মুক্তির কারণ। হে দৈত্যেন্দ্র । যদৃদ্ধ । লাভে শতোষণাত কোলে আকাণের তেজের উন্নতি হয়;

নতুবা সলিলে যে রপ অনল নির্মাণ হয়, তাহার তুল্য অসন্তোবে বিপ্রের তেজঃ হীন হইয়া ধ্বংস হয়। হে রাজন! আমি কেবল ত্রিপাদ ভুমিই আপনার সমীপে প্রার্থনা কর্মি, তাহা প্রাপ্ত হোলেই ক্লতার্থ লাভ কোরবে:। প্রয়োজন মত বিস্ই প্রম সুখ, অতিরিক্ত ধনেই ক্লট সাধন হোয়ে থাকে।

ইক্লি। তবে আর আপনাকে কি বোলবো, আপনার যাহা
ইক্লা হয় এইণ করন।

শুকা! হে রাজন! এই যে থক ছিল্লটাকে দর্শন কোজেন, ইনি সাক্ষাৎ বিষ্ণু; দেবতাদের কার্য্য সাধন করবার জন্ম ইনি অদিতির গভে অবতার গ্রহণ কোরেছেন। তুমি কেন ই হাকে ভুমি দান দিতে অঞ্চিকার কোলে? আমার অমুভব হোর্চে, আর তোমার শ্রেম নাই; দৈত্য দিগের সকল মুখ এককালে তিরোহিত হোলো! হে দৈত্যেক্ত! এই বামনদেব তোমার স্থান, ঐশ্ব্য, জ্রী, তেজঃ, যশ, বিদ্যা গ্রহণ কোরে বাসবকে প্রদান কোরবেন; ইনি সামান্য মানৰ নহেন; আমি নিশ্চিত

• বোলচি; ভগবান হরি এ বামনদেব ৰূপে আবিভাব হোয়েছেন। হে বিরোচন-তনয়! তুমি ত্রিপাদ পরি-মাণভূমি প্রদান কোত্তে প্রতিজ্ঞা কোচ্চ সত্য; কিন্তু ইনি ত্রিপাদ পরিমাণ ভূমিতেই তোমার সর্বলোক গ্রহণ কোরবেন, কারণ ইনি বিশ্বমূর্ত্তি।

বলি। হে কুলগুরো! ভগবান নারায়ণ যদি আমার সর্কস্ব গ্রহণ করেন, তাহাপেকা আর কি ভাগ্যোদয় আছে বলুন।

भीउ!

রাগিণী সিন্ধু ধায়াজ। তাল কাওয়ালী।
কুলগুরো বলিতেছি বিনয়ে চরণে।
দেব দেবেশ হে হরি ভগবান,
সর্কস্ব যদিহে তিনি লন দান,
কি আছে কি আছে তা হোতে আর।
সম ভাগারপ তরু হবে সফল একণে।।

বলি! হে গুরো! এ শুভকার্ব্যে আপনি ব্যাঘাত দিবেন ন', আনি যে ত্রিপদ পরিমাণ ভূমি প্রদান কোরবো, এমত অঙ্গিকার কোরেছি, আমার জীবন থাক্তে আমি সে প্রতিজ্ঞা লঙ্গন কোরে পারবো না। শুক্রা। দেখা, প্রতিজ্ঞা কোরে কি প্রকারে মিখ্যা বোলবো এ ভাবনা তুমি পরিত্যাগ কর। প্রীবশী-করণ, পরিহাস, বিবাহে বরাদির প্রশংসা, রুত্তিরক্ষা, প্রাণসন্ধট; এই সকল সময়ে, এবং গো ব্রাক্ষণার্থে ও গো ব্রাক্ষণের হিতার্থে, কাহারো হিংসা উপস্থিত হোলে অনৃতক্থন দোবের হয় না।

বলি। গুরো! আপনি যাহা বোলেন, তাহা অসত্য নহে, যাহাতে কোন সময়ে অর্থ, কাম যশ, ও রুত্তির ব্যতী-ক্রম নাহয়, গৃহস্থ লোকের তাহাই ধর্ম ; কিন্তু আমি ধীমান প্রহলাদের পৌজ, "দিব,, বোলে প্রতিজ্ঞা কোরে সামান্য লোকের তুল্য বিস্তলোতে ব্রাহ্মণকে কি ৰূপে প্রত্যাখ্যান করি? তৎপর মিথ্যা বাক্যের অপেক্ষা আর অধর্ম নাই। পৃথিবী বোলেচেন, "আমি সকল ভারই বহন কোতে পারি, কিন্তু মিথ্যাবাদীকে বহন কোত্তে আমার অসহা কন্ট হয় ,, হে কুলগুরো! বিপ্র-প্রলোভন হোতে আমি যেমত ভীত হই, নিরয় হোতে, তুঃখার্ণব হোতে, নিস্ত হোতে, স্থানভ্রমী হোতে • ও মৃত্যু হোতে আমার তাদৃশ ভয় হয় না। ইহলোকে ক্ষিতি প্রভৃতি যে কিছু পরিদৃষ্ট হোয়ে থাকে, সে সমু-দায়ই মৃত্যু গুরুষকে পরিত্যাগ কোরবে? একারণ আমি বিবেচনা করি, মনুষ্যের জীবিতাবস্থার দানাদি कतारे अधान कार्य। एर रेम्डाांगर्या! जानि यमि वलन, य " मनुनाय श्रमान काल वृज्जि-मक्षे हरव, তৎপরিহারার্থ অদ্ধাংশ প্রদান কর ,, তদ্বিবয়ে আ-মার বক্তব্য এই, তাহাতে যদ্যপি রাক্ষণের সম্ভোষ লাভ না হয়; তবে দে দানে কি ফল আছে বলুন? বামনদেব যাহা যাচঞা কোরেছেন, তাহাপেক্ষা অপপ দান কোলে, তাহাতে উনি সন্তোধিত হনেন না; সহ জেই আমার দানের ফল বার্থ হবে। হে গুরো বামন-দেব যাহা প্রার্থনা কোরেছেন, আমার বিবেচনায় ভাহা সম্বরেই প্রদান করা উচিত হোছে।

শুকা। (স্বগত) এব্যাটা উচ্ছন গ্যালো দেখ্চি, মতিছন ধোরেচে বোলেই আমার বাক্য লংঘন কোর্চে।

বলি। হে ভার্গব। দধ্যঞ্চ, শিবি আদি সিদ্ধ পুরুষেরা প্রাণ পরিত্যার্গ কোরে প্রাণিগণের উপকার কোরে-চেন; সামান্য ভূমি প্রদান কোন্তে কালবিলয়্প করা আর কোনমতেই উচিত হয় না। যে সকল সমরজয়ী দৈত্যরাজরা কিতি ভোগ কোরেছিলেন, মৃত্যু তাহা-দের ইহলোক ও পরলোক উভয় লোকই বিনষ্ট কোরেছেন; কিন্তু পৃথিবীতে ভারা যে যশঃ সঞ্চয় কোরেছিলেন মৃত্যু এ পর্যান্ত ভারায়ে যশঃ সঞ্চয় কোরেছিলেন মৃত্যু এ পর্যান্ত ভারায়ে মশঃ সঞ্চয় কোরেছিলেন মৃত্যু এ পর্যান্ত ভারার নিকটে গমন কোতে পারেন নাই। হে কবি! আপনাকে অধিক আর কি বোলবো, মনুব্যের যশঃলাভ করা সর্লভো মতেই বিধের।

শুক্রা। (স্বগত) ছুরু দ্ধি পরবশে সর্কনাশ কোলে দেখচি। বলি। হে দৈত্যাচার্যা! আমি অনুভব করি, দেহ ত্যাগ অপেক্ষা ধনত্যাগে বিশেষ যশঃ লাভ হয়। যুদ্ধে প্রাণ-ত্যাগ কোরেছে এমত বিস্তর প্রমাণ পাওয়া যায়, কিন্তু সংপাত্রে শ্রদ্ধাপূর্কক সর্কস্ব বিতরণ কোরেছে এমত ব্যক্তি অতি বিরল। হে ভগবন! সামান্য অর্থির বা- সনা পূরণার্থে যদি নিশ্ব হোতে হয়, তাহাও সদাচার
মনস্বি ব্যক্তির শ্রেয় কার্য্য। হে গুরো! আপনার তুল্য
বক্ষজ্ঞ ব্রাহ্মণের বাসনা পূরণার্থে যদি নিশ্ব হোতে
হয়, তাহা অবশ্যই শ্রম হবে, আপনি অমুমতি করুন
আমি অবিলয়েই বামনদেবকে ত্রিপদ পরিমাণ ভুমি
পূদান করি। গীত।

রাগিণী বিভাস। তাল আড়াঠেকা।
কুলগুরো অনুমতি করুন প্রসন্ন মনে।
প্রদান করিব আমি ত্রিপদ ভূমি বামনে।।
নিস্ত যদি হোতে হয়, করিব দান নিশ্চয়,
ভাবিবনা কণ ভয়, ভাবিয়াছি মনে।
দেহান্ত ধনান্ত দয়, ধনত্যাগে যশঃ হয়,
তব অবিদিত নয়, কিছুই ধীমান।
সংপাত্রে করিব দান, কর অনুমতি দান,
রাথহে দীনের মান, ধরি শ্রীচরণে।

শুক্রা। (দীঘ নিশ্বাষ পরিত্যাগ করিয়া স্বগত) ছুভার্গ হবার পূর্ব্ব লক্ষণ হোয়েছে, রাজলক্ষী, বারি ও গ্রহ-দৈবগণ কথন স্থির থাকেন না।

বলি ৷ হে গুরো! আপনি নিরব হোয়ে রইলেন কেন?
আপনারা বেদবিতায় দক্ষ, আপনারা শ্রদ্ধা ও ভক্তিপ্র্কক যাগ যজ্ঞ মুহকারে যাঁর আরাধনা কোরে থাকেন,
এই বামনদেব সেই নারায়ণ হউন, কিয়া আমার
পরম বৈরিই হউন, আমি ইঁহাকে ত্রিপদ পরিমাণ
ভূমি অবশ্রই প্রদান কোরবো! আমি নিরপরাধী,

(9)

যদ্যপী ইনি অধর্মদ্বারা আমাকে আবদ্ধ করেন, তথাচ আমি এ ভীত ত্রাহ্মণ বেশধারী রিপুর কোন প্রকার হিংসা কোরবো না।

- শুকা। ধ্রুরে ! তুই নিতান্ত অজ্ঞা, পণ্ডিতাভিমাণী হোয়ে আমাকে অবজ্ঞা কোরে আমার শাসন লঙ্গন কর্চিস, এই মহদোধে সম্বরেই তুই শীভ্রন্ট হবি।
- বলি। গুরো! আপনার এ অভিসম্পাতে আমি ভীত হর্চিনে, আমি প্রতিজ্ঞা কোরেছি, অবশ্রুই তাহা প্রতি পালন কোরবো।
 - শুক্র। (স্থগত) উচ্চন্ন যাও, আমি তোর বিস্তর হিতান্বেষণ কোরেছিলেম, আদেষ্টে বিধাতা দারুণ ছঃখ লিথেছেন, কে তাহা নিবারণ কোত্তে পারে ?
 - বলি। হে দেব! আপনি রুষ্ট হোলে আমার দানাদি সকল কার্য্যই হথা হবে। আপনি সদয় থাকলে কোন বিপদ আমাকে স্পর্শ কোন্তে পার্বে না।

গীত

রাগিণী বিভাস। তাল আড়াঠেকা।
হে গুরো হতেছ রুফ কি কারণে বল।
কুকার্য্য করিনে কোন একার্য্য সফল।।
অধিক কি আর কব, ধরিতেছি পদে তব,
তুমি রুফ হোলে সব, হইবে বিফল।
প্রসন্নতা আপনার, কি আছে সমান তার,
যাহে বিপদ আকার, দেখিনে কখন।
কুপা কর কুপাকর, কর দেব ক্রেশ্যান্তর,
মনের সন্তাপ হর, ও পদ কমল।।

- শুক্রা। বিপদ তোর মাথার উপর মুচ্চে, আমি সদয় থেকে কি কোরবো? আমি যে সদয় থাক্বো, ভুই কি আ-মার সে মুখ রাখলি?
- বাম। মহারাজ! অঙ্গীকার রক্ষা নাকর। অপেক্ষা মহাপাতক নাই, আর দানকালীন বাক্ বিতপ্তা করাও শাস্ত্র
 বিরুদ্ধ; আপনি জ্ঞানী বিবেচক এবং সত্য-প্রতিজ্ঞ;
 আপনাকে কোন কথা বলাও সে বাছল্য মাত্র; এক্ষণে
 যাহা বিহিত হয় করুন।
- বলি। শুভকর্মে আর বিলম্ব কি আছে? আপনার পাদ ধৌত কোরে দিয়া অভিপ্রেত সিদ্ধ কোরবো চলুন। বাম। বিশেষ সন্থোষিত হলেম, তবে চলুন। বলি। (শুক্রাচার্য্যের প্রতি) গুরো! অনুমতি করুন। বামন-দেবকে ত্রিপাদ ভূমি প্রদান করি গিয়ে। শুক্রা। আমার অনুমতির অপেক্ষা কি আছে? তোমার

याहा हेम्हा हम ठाहाहे कत ।

(বামনদেব ও বলির প্রস্থান)

শুকা। (স্বগত) আর রক্ষানাই, এবার উচ্চর গ্যালেন,
'দেবগণ সহক্ষেই নিষ্কৃতি লাভ কোলে; কি ছুরুদ্ধি
কি চুর্মতি; এমত সুখসোভাগ্য স্বইচ্ছায় লোপাপস্তি
কোলে। আমার অনুজ্ঞা ব্যতীত পূর্কে কোন কার্যাই
কোত্তনা, অন্ত আমাকেও উপেক্ষা কোলে। (ক্ষণেক্ষ
পরে) ভেবে আর কি কোরবো, যা হবার তাই
হোলো,অদৃষ্টের লিপী কেহই খণ্ডন কোন্তে পারেনা।
(ক্ষণেক পরে দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিয়া) আমি
' এত কোরে বুঝালেম, এত নিষেধ বাক্য বোললেম,

আমার কথার দিকে কর্ণপাতও কোলেনা ? একি আ-মার অপ্প মর্মান্তিক হোয়েছে। (ক্রণেক পরে) এখানে থেকে আরু কি কোরবো, কি দর্মনাদ হয়, অন্তর হোতে দেখি গিয়ে। ১।

> (শুক্রাচার্য্যের প্রস্থান) यर्छ जरू मगांश ।

मश्रम् ।

বলিরাজার বজ্ঞস্থলের প্রান্তভাগ। (বিস্তালম্কার ও তর্ক্কালম্কারের প্রবেশ) তর্ক। ওহে বিজ্ঞালস্কার! আর এখানে কেন? পাওয়া থোয়ার বিষয়ে সব তো নিকেশ হোয়ে গ্যালো। বিভা। কেন বল দেখি?

তর্ক। সেই যে বটু ব্রাহ্মণটা এসে বলিরাজার নিকটে ত্রিপাদ ভূমি যাচঞা কোরেছিল, আমর। তাঁর প্রার্থনা শুনে

⁽১) কথকেরা কথকতা ছলে বলিরাজার বামন-**म्पिट्र जिलाम ज्ञाम अमारमंद्र कालीम खेळागाया गाज्**त নলের মধ্যে প্রবিষ্ট হইয়াছিলেন, এমত বর্ণনা করেন, এবং ধবামনদেবের পদ্ধোতের সময়ে তাহাতে জল নিঃস্ত হয় নই বলিয়া ভগবান কুশদ্বারা আঘাত করায় তাহাতে শুক্রা-চার্য্যের একটা নেত্র অন্ধ হয়, এমতও বলেন, কিন্তু ভাগবত মধ্যে দে দকল বর্ণনা নাই; একারণ আমি দে অংশ পরি-ত্যাপ করিলাম, পাঠক মহাশয়েরা ইহাতে যদ্যপি আমার অপরাধ বোধ করেন তাহা ক্ষমা করিবেন।

যেমন শরীর তেমি আশয়ও অমুভব কোরেছিলেম!
তার সেশরীর ও আশায় ক্ষু নহে; তিনিই আমাদের অদৃষ্টে ভীতের অঙ্গুলী প্রদান কোলেন।
বিস্তা। কি হোয়েছে সেটা স্পষ্ট কোরে বল দেখি?
তর্ক। আর মাথামৃণ্ডু বোলবো কি? ব্লবার আর কিছুই
নাই, এতটা পথ যে চোলে এলেম, মে কেবল পশুশ্রম হোলো। মনে কোরেছিলেম, বলিরাজা একজন
প্রধান দানশীল ব্যক্তি, ব্যক্তি বিশেষে বিশেষ কপে
দান কোরবেন। চিরকালটা ছঃখে কালাতিপাত
করা যাতে, এবার আর সে ছঃখ থাকবে না।
(ক্ষণেক পরে) ভেবেছিলেম, যা কিছু পাবো, কতক
ব্রক্ষহ জমী কিনে অম্বচিন্তা ভাবনা ঘুচাব; সে সব

বিতা। কি হয়েছে, আপনি অগ্রে সেই কথাটা বলুননা?
তর্ক। আমার মাথা হোয়েছে, আর আপনার মৃণ্ডু হোয়ে
ছে। (ক্ষণেককাল নিরব হইয়া) নাসবার সময় ব্রাক্ষণী বোলেছিল, যে চিরকাল পিতলের বালা হাতে
দিয়ে এয়ত্ত রেখে আসচি, এবার আমাকে ছু ভরি
দশভরি সোণা দিও। সে আগতুলেই এই সর্কনাশ
কোরেচে।

এककारन क्षा ट्रांट्स गारना।

বিস্তা। আপনি মহারাজ বলির যজে এসে, এত হতাশ হোজেন কেন? বলিরাজা একজন প্রধান দাতার মধ্যে গণনীয়, এখানে বৈমুখ হোতে হবেনা। তর্ক। সেব্যাটা প্রধান দাতা বলেই তো সর্কনাশ কোলে। তা না হোলে এত কেঁদে মোরবো কেন? विमा। कि क्लाद्रिष्ट मिछ। वनून अधि भौना योक!

- তর্ক। যে বটু ব্রাহ্মণটা ত্রিণাদ ভুমি যাচঞা কোরে ছিলেন, তিনি সামান্য ব্রাহ্মণ নহেন, দেবগণের হিত সাধনার্থে সাহ্মাৎ ভগবান ত্রিবিক্রম বামমদেব রূপে অবতার গ্রহণ কোরেছেন; বলিরাজা যখন তার পাদ প্রকালন করায়ে ত্রিপাদ ভূমি গ্রহণ কোন্তে বোললেন, সে সময়ে তিনি এক পদে মত্য এবং দিতীয় পদে স্বর্গ অধিকার কোরে লয়েছেন; এক্ষণে দৈত্যরাজ তৃতীয় পদের স্থান আর প্রদান কোত্রে পার্চেন না, ভগবান পুনঃ পুনঃ তাহাই প্রার্থনা কোর্চেন। আমাদের বাংমনে কপাল যে কি পোড়া, তা আর বোলে জানাতে পারিনে; আশা, ভরসা সকলই এককালে কর্বা হোয়ে গ্যাচে, এখন আরস্তেই চল, গৃহে প্রস্থান করা যাক।
- বিদ্যা। ওহে! বলিরাজা অতুল ঐশ্বর্যাশালী, স্বর্গ মর্ন্ত্য দান কোরেচে বোলে তাতে অত হতাশ হোর্চ কেন? আমরানা হয় ভূমিদানটাতেই বঞ্চিত হলেম, মণি মুক্ত ও রত্নাদি তো পেতে পারবো? ভগবান আর তো তাহা গ্রহণ করেন নাই?
- তর্ক। তাহা যদিচ এখন তিনি গ্রহণ করেন নাই, কিন্তু বলি রাজা তৃতীয় পদের ভূমি দান কোত্তে না পালে তাহার পরিবর্ত্তে সে সকলই গ্রহণ কোরবেন।
- বিদ্যা। মহর্ষি শুক্রাচার্য্য আমাদিগকে নিমন্ত্রণের লিপী দিয়ে যজে আহ্বান কোরেছেন, যদিচ তৃতীয় পাদ ভূমির পরিবর্ত্তে ভগবান বলিরাজার রত্নাদি গ্রহণ করেন তাহা হোলে দৈত্যাচার্য্য তাহার পূর্কে আমাদের জন্ত

কথঞ্চিত রত্নাদি রাখবেন নতুব। তিনি কি আর লোকালয়ে মুখ দেখাতে পারবেন? না অভ কোথাও একটা কার্য্য হোলে ভাঁকেই নিমন্ত্রণের লিপী দেওয়া যাবে?

তর্ক। শুক্রাচার্য্যের আজ আর সে আদর নাই, তিনি হত-মান হোয়ে বলিরাজাকে অভিসন্পাত কোত্তে কোত্তে প্রস্থান কোরেছেন!

বিদ্যা। কি সর্মনাশ! এতদুর হোয়ে উঠেছে। তর্ক। আদ্ধ গড়াতে আর বাকি নাই।

গীত।

রাগিণী ললিত। তাল ক্ষেমটা।
গ্রাদ্ধ গড়ালো যেমন।
বোলতে কি দেখেনি কেহ কথন এমন।
জল ঝরিছে গুরুর চক্ষে, হানিছেন কর বক্ষে,
বলির আর নাহি রক্ষে, মজিল এখন।
বোলতে কি ডেকে বলি, শতবার হেঁকে বলি
যেমন এ দাতা বলি, নাহিক তেমন।

- বিদ্যা। হঁগাহে তর্কালঙ্কার! বামনদেবের সেইতো ক্ষুদ্র আকার দেখা গ্যাছে, তাতে এক পদে স্বর্গ অপর পদে মত্য কেমন কোরে অধিকার কোল্লেন?
- তর্ক। এখন আর বামনদেবের সে ক্ষুদ্র আকার নাই,
 ক্ষিতি, শূন্য, দিক,স্বর্গ, বিবর, সমুদ্র, পশু, বিহঙ্গ, দেব
 এবং ঋষি সকলই সেই মূর্ত্তিতে অবস্থিতি কোচেন,
 সেই মহৈশ্ব্যাশালি ভগবান বামনদেবের ত্রিগুণাত্মক

দেহে পঞ্চ ভূত, ইন্দ্রিয় নিচয়, গন্ধাদি, চিত্ত ও জীব সহ ত্রিগুণ বিশ্ব সন্দর্শন হোর্চে!

বিদ্যা। তবে তিনি বিশ্বমূর্ত্তিধারণ কোরেছেন।

তর্ক। সেই বিশ্বমূর্ত্তিতে বিশ্বের সমস্ত বস্তুই সন্দর্শন হোচে, পদতলে রসাতল, পাদদ্বয়ে ক্ষিতি, জঙ্গা যুগলে, পর্বত, জামুদেশে বিহঙ্গ, উরুযুগলে মরুদ সমূহ, বস্ত্রে সন্ধ্রা, গুষ্ণেশে প্রজাপতি, জঘণে অসুর-গণ, নাভিন্থনে ইন্যা, কুকিদেশে সপ্তসিকু, উরুস্থলে নক্ষত্র নিকর, হৃদয়ে ধর্মা, স্তনযুগলে ঋত ও সত্য, মনোমধ্যে শশধর, বক্ষস্থলে কমলকরা কমলা, কথ-দেশে সামবেদ ও শব্দ সমূহ, বাছ চতু উয়ে বাসবাদি অমর নিকর, কর্ণযুগলে দশদিক, শিরে স্বর্গ, কুন্তলে भिष, नामिकांत्र ममोत्रन, हकू यून्न सूर्या, वन्दन অনল, বাক্যে বেদ চতুষ্টয়, জিহ্বায় জলেশ্বর, ভ্রুগলে निरविध अविधि, निर्द्धत घूरे शक्त पिरम अ तकनी, লনাটে মতু, অধরে নোভ,স্পর্শে কাম, শুক্রে জন,পৃষ্ঠে অধর্ম, পদন্যাদে যজ্ঞ, ছায়ায় মৃত্যু হাস্যে মায়া, লোস সমুহে ঔষধজাতি, নাড়ী নিকরে নদী, নথ সমুহে শিলা, বুদ্ধিতে ব্রহ্মা, ইন্ডিয় সমূহে দেবগণ ও ঋষির্ন্দ এবং গাত্রে স্থাবর জঙ্গম আদি ভূত মমূহ।

বিতা। আমাদের অদৃষ্ট যাহাই হোক, কিন্তু দৈত্যেশ্বর বলির অদৃষ্ট ভাল বোলতে হবে; চিরকাল যজ্ঞ ও
সংকার্য্য কোরে ব্রাহ্মণ ও দীন ছঃখীদিগকে অসম্ভব
দান করে আসচেন, তার পরে সাক্ষাং ভগবান এসে
দান গ্রহণ কোলেন্দ্র একি সাধারণ তপস্থার কার্য্য ?

তর্ক। অদৃষ্ট ভাল কি মন্দ তা এখন বোলতে পারি না,
বামনদেবকে ত্রিপাদ ভূমি দান দিবে, অঙ্গীকার
কোরেচে, দ্বিপাদ প্রদান করাতেই তো ভূমির দকা
শেষ হোয়েছে, ত্রিপাদ আর পূরণ হবেনা; তাতে
অঙ্গীকার লঞ্জন হবে, সে সাধারণ পাতক নহে,
আর ভগবান যে তাতে রূপা কোরবেন এমত বোধ
হয় না, তিনি পুনঃ পুনঃ তাহাই যাচঞা কোচেন।
কোপ প্রকাশ কোন্তেও ক্রটি কোচেনে না; কোধে
বলি রাজাকে গায়ের এক গাছা লোমদ্বারা চাপা দিলে
তার দকা নিকেশ হোয়ে যাবে।

বিদ্যা। ওহে তর্কালস্কার! তবে চল, ভগবান বলিরাজার কি দশা ঘটান তাহা দেখা যাক গিমে। (উভয়ের প্রস্থান)

मश्रमाञ्च ममाश्र।

-.000-

প্রথম গর্ভান্ত।

জীক্লক, বলি পাশদারা বদ্ধ ও বিকুদ্ত দণ্ডায়মান।
(অসুর সৈতের প্রবেশ)

- ১ আ। (এ)ক্লেক্টের দিকে চাহিরা) ওছে ! এটাকে এন্ধান বন্ধু বিষ্ণু বোলে আর অনুভব হোচে না, প্রধান মায়াবী হবে, কপট দ্বিজ্বাপ ধারণ কোরে দেবগণের হিত্যাধন কোত্তে এসেছে।
- ২ অ। আমিও দেইটে অনুভব কোরেছি, আমাদের স্থামির সর্কস্থ হরণ-কোরেও ক্ষ্যান্ত হোচে না। আমা-দের প্রাক্ত স্থায়ন ও যজে দীক্ষিত হোৱে-

ছেন বোলে এবিষয়ের কোন প্রতিকার কোর্চেন না।
১৯ । যিনি ব্রাহ্মণ হিতৈষি দানশীল ও সত্যবাদী ; তাঁর
উপরে এত অত্যাচার আর তো কোনক্রমেই সহ্
হোজে না।

ই আ! সহ্য আর কেমন কোরে হোতেপারে, আমি এই
দণ্ডেই এ কপটকাপী বটুর প্রাণ হরণ কোরবো!
(রুক্টের প্রতি) ও কপটবেশী ব্রাহ্মগ! ভুই যে প্রধান
মায়াবী তা আমরা জ্ঞান্তে পেরেছি, আমাদের হস্তে
আজ আর তোর নিস্তার নাই। (এরুক্টে প্রহার
করিতে উত্তত)

(মুনন্দ নন্দ প্রভৃতি বিঞ্চুতগণের সহ যুদ্ধ)

বলি। হে অমুর দৈ জগণ! কন্ত হও, তোমর। কাহার সহিত যুদ্ধ কোত্তে উদ্যত হোয়েছ, যিনি সকল প্রানিকে মুখ ছঃখ প্রদান করেন, ইনিই দেই প্রভু, যে ভগবান অথ্রে অমুরগণের মঙ্গলার্থেও অমরদিগের অমঙ্গলার্থে উল্ভোগী ছিলেন, তিনি এক্ষণে তাহার বিপরীত হোয়েছেন; এক্ষণে তোমরা এন্থান পরিত্যাগ কোবে যাও।

(অমুর দৈক্তগণের প্রস্থান)

রুষ্ণ। (বিষ্ণু ছ্তগণের পুতি চাহিয়া) তোমরাও স্বস্থান পুস্থান কর।

(বিষ্ণু চূতগণের প্রস্থান)

কৃষ্ণ। (বলির পুতি) হে সত্যপুতিজ্ঞ মহারাজ বলি! আপনি পুতিজ্ঞা কোরেছেন, আমাকে ত্রিপাদ পরি-মিত ভুমি পুদান কোরবেন, আমি তাহার ছুইগদ পুণিপ্ত হোরেছি, এক্ষণে অপর এক পদ পরিমিত ভুমি আমাকে পুদান কোরে আপনি সত্যবদ্ধ হোতে পরি মুক্ত হোন।

গীত।

রাগিণী ললিত বিভাস। তাল আড়াঠেকা।
সত্যবাদি দানশীল দানব রাজন।
সত্তরে করহ নিজ প্রভিজ্ঞাপালন।!
দিবে ভূমি পদত্রে, তব পণ এ নিশ্চর,
পাইয়াছি পদ দ্বর, কেবল এখন।
এক পদ ভূমি আর, দেহ বলি সদাচার,
সত্য হোতে হও পার, প্রভিজ্ঞা যেমন।
সত্য না পালিলে তার, ঘটে তুর্গতি অপার,
ইচ্ছা হয় যে তোমার, করহে এখন।

বলি। (যোড় হস্ত করিয়া) হে দেব! হে যজ্ঞীয় পুরুষ!

আপনার পাদপদ্ম সারন কোরে যে ব্যক্তি কোন যজ্ঞ
কার্যা করে, তাহাতে কোন বিদ্ন উপস্থিত হয় না;

আমি আপনার শ্রীচরন সারন কোরে যজ্ঞাদি সুসম্পর
কোরে থাকি, তৎপরে আমার পুর্ব্ব পুরুষননের পুনাবলে আপনার সাক্ষাৎ লাভ পুাপ্ত হোয়েছি, আমার
এ যজ্ঞ সম্বন্ধে যে কোন বিঘু উপস্থিত হবে, তাহা অসন্
দ্রব; আপনি রূপা দৃষ্টিপাত কোরে যাহাতে আপনার
ভক্তের স্তারক্ষা ও মঙ্গল হয়, তাহা কর্মন। হে সর্ব্ব
মঙ্গল ময়! আপনার শ্রীচরন ভিন্ন এক্ষনে আমার আর
ভক্ত উপায় নাই।

- কৃষ্ণ। রে ছ্রাচার ! তুই দৈত্যকুলকে কলঙ্কিত কোন্তে বোদেচিশ দেশ্চি, তোর যে বিষয়ে ক্ষমতা জভাব, কেন তুই তাহা পুদান কোরবো বোলে সত্য কোলি? তোর এ ছুর্বিনীত জাচারে দাতা এবং গৃহিতা উভয়েই পাপাসক্ত হোচে, তুই এক্ষণে ইহার প্রতিকার কোরে উভয় পক্ষ রক্ষা কর।
- বলি। হে দেব! আমি পুনঃ পুনঃই বোলচি, একণে আপনার শীচরণের ক্পাণিন অমীর আর অন্য উপায় নাই।
- ক্ষ। রে পাপাআ! তুই পুনঃ পুনঃই ঐ কথাই বোল-চিশ কেন? দিনকর যতভূরঅবধি কিরণ পুদান করেন, নিশাক রও তারকানিকর যতদূর অবধি পুভা বিস্তার কোরে থাকে, যত দূর অবধি মেঘদারা বারি বর্ষণ হয়, সেই পরিমিতা ভূমিতেই তোমার অধিকার; আমি একপদ দ্বারা তোমার সে ভূলোক সমুদায় আক্রমণ কোরে লয়েছি, আমার শ্রীরন্ধারা আকাশ ও দিক সকল ব্যপ্ত হোয়েছে দ্বিতীয় পাদদ্বারা তুমি যে দেবগণের অধিকার গ্রহণ কোরে ছিলে; সে সলোক সমুদায় গ্রহণ কোরেছি; ভোমার অধিকারে বিন্দুমাত্র আর ভূমি নাই;এক্ষণে ভুমি যন্তপি অপর এক পদ পরিমিত তুমি আমাকে প্রদান না কর, তাহা হোলে তোমার সত্য ব্যর্থ ও দান রুখা হবে, তজ্জনা তোমাকে নরকে বাদ কোত্তে হবে। যে ব্যক্তি ভাদ্ধ-ণের নিকটে দিব বলিয়া না দেয়, তাহার মনোরথ র্থা, স্বর্গ অতি দূর, এবং সে অধঃপতিত হয় ৷ 'হে

দৈত্যরাজ! তুমি আমাকে বেমত প্রতারণা কোচ্চ, তুমি শুক্রাচার্য্যের অনুমতি লয়ে নিরয়ে প্রবেশ কোরে তাহার ফল ভোগ কর।

বলি। হে উত্তমশ্লোক বিভো! আপনি বামনৰপে আগমন কোরে আমার নিকট ত্রিপাদ ভূমি যাচঞা
কোরেছিলেন, তৎপর দান-গ্রহণকালে রূপান্তর প্রকাশ কোরেচেন, ইহাতেও যদ্যপি আপনি আমার
বাক্যকে মিখ্যা অনুভব করেন, তাহাতেও আমি
আপনার তৃতীয় পদ ভূমি পূরণ কোতে প্রস্তুত আছি;
প্রার্থনা করি, আমার বাক্য যেন বঞ্চনার না হয়।
কুষ্ণ। যদি তোমার সে শক্তি আছে, তবে ভূমি কেন
এতক্ষণ পাশপীড়া সহু কোচ্ছ? সহরেই আমাকে
তাহা প্রদান কর।

গীত।

রাগিনী ললিত বিভাস। তাল আডাঠেকা

ওহে পরাৎপর প্রতো পতিত-পাবন।
ভকত বৎসল বিভো ভক্তের জীবন।।
যাহা আমার বিভব, যুগল পদেতে তব,
হরিয়াছে হে মাধব, নহি ছুঃখ মন।
ত্রিপাদ তোমার হরি, দেহ আমি শিরে ধরি,
সত্য হোতে তবে তরি, কর ক্রপাদান।
উপ্পায় নাহিছে আর, বিনা ক্রপা আপনার,
ওহে কক্রণা-আধার, শ্রীমধুসুদন।
(৮)

বলি! হে নাথ! আপনার তৃতীয় পদ আমার মন্তকে আরোপিত করুন, তাহা হলেই আমি সহজে সত্য ইইতে পরিক্রাণ লাভ করি।

(চারি দিক হইতে ধক্ত ধক্ত)

ৰলি। হে ভগৰন! অপকীৰ্ত্তিতে আমার যে ৰূপ ভয় হয়, নরক কিয়া পাশবন্ধন কি ব্যসনে তদ্ধপ আতঙ্গ হয় না । অর্থ কন্ট কি আপনার প্রদন্ত এ নিগ্রহে আমার মনোকট হোচে না। যে হেতু আপনার ক্লুত এ নিগ্রহ আমার অপকীর্ত্তি জনক নহে, আপনি আমার হিতৈষী হোয়ে এ নিগ্রহ করাতে আমি যে সৌভাগ্যশালী তাহাই প্রকাশ পাচে। হে দেব! আপনি আমার পরম গুরু; আমি ধনমদে অস্ত্র হোয়ে ছিলেম, আপনি এ অধম কে জ্ঞান চক্ষু প্রদান কো-লেন। হে বিভো! আমি যে বরুণপাশে বদ্ধ হোয়ে-ৰয়েছি, তাহাতে লজ্জিত কি ব্যথিত নহি। এ সামান্য দৈত্য আপনার দণ্ডৰূপ অনুগ্রহের পাত্র নহে; আপ-নি ভক্তাধিন ; নিজভক্তের পৌত্র বলিয়া কেবল এ অনুগ্রহ কোরেছেন। হে দেব! আমার পিতামহ প্র-হলাদ আপনার পরম ভক্ত; আপনি ভাঁহার এক মাত্র আত্রয় ; দেই ভজের কুল পবিত্র করবার জঞ্চ আপনি আমার প্রতি রুপা প্রকাশ কোলেন।

গীত।

রাগিণী ললিত বিভাস। তাল আড়া ঠেকা।
দিননাথ দীনবন্ধো বৈকুণ্ঠ বামন।
পরমেশ পরাক্ষর ত্রিলোক-ভারণ।।

ক্নপা বিতরণ করি, করিয়াছ ক্নপা হরি,
লয়েছ যে বৃদ্ধি হরি, নহে তুঃধ মন।
পীড়ন এ কফকর, নহে ওছে গুণাকর,
বলি নহে ভাগ্যধর, কভু হে এমন!
পিতামহে ক্নপা করি, করিলে হে ক্নপা হার,
ধন্য আমি দেহ ধরি, সফল জীবন!

(প্রহলাদের প্রবেশ)

প্র। (প্রীকৃষ্ণের প্রতি) ঠাকুর ! প্রণাম হই। (প্রণাম ক-রিয়া) অদ্য আমার যে কি সৌভাগ্য তাহা আর বোলে জানাতে পারিনা, প্রথমতঃ জাপনার পাদপ্রম দর্শন কল্লেম, তৎপরে বলির সদনে যে আপনার প্রাদপত্তার পরাগ পাত হোয়েহে তাহাও সামান্য সৌভাগের कार्या नट्ट। (विलित मिटक हारिया अभेड) जाहां! বলি বরুণপাশে আবদ্ধ হইয়াও যথন ভগবানের পাদ-পথ চিন্তা কোতে, তখন ইহার প্রতি ভগবানের নিশ্চ-রই রূপা হোয়েছে। (ভগবানের প্রতি) ভগবন। আপনিই বলিকে ঐন্তুপদে অধিকৃত কোরেছিলেন, অদ্য আপনিই তাহা গ্রহণ কোলেন; আমার বিবে-চনায় হয়, এ বিষয়ে আপনার অমুগ্রহের পরিসীমা রইলোনা। হে দেব! বিভবাদি আআর মোহ বন্ধন करत, धीत अ मःयङ शुक्रम विषय्ना पिएड विश्वभ इन ना । ধনাসক্ত ব্যক্তিরা কোনজমেই আত্মতত্ত্ব দর্শন কোত্তে পারেন না। ছে নাথ! আমি পুনঃং বোলচি, ভাপনি া বলির প্রতি মহতি রূপা বিতরণ কোলেন। হে দেব !

আপনি পরম কারুণিক, জগতের অধীশ্বর, অখিল-লোক-সাক্ষী, ও নারায়ণ। আপনাকে প্রণাম করি। (বন্ধার প্রবেশ)

बका। (इ (नव!

(বিক্সাবলির প্রবেশ)

ব্রহ্মা। (হগত) বলিপত্নী বিদ্যাবলি ভগবানকে কি বোলবেন বোলেই এখানে আগমন কোরেচেন, ক্ষণে-ককাল আমাকে অপেকা কোত্তে হোলো।

বিদ্যা। হে ঈশ্বর! আপনি আপনার ক্রীড়ার জন্ম এই ত্রিলোকের সৃষ্টি কোরে রেখেচেন, জম্প-কুদ্ধি সা-মান্য লোকেরা ইহাতে আপনং প্রভুত্ব প্রকাশ কোরে থাকেন। হে দেব! আপনিই এই ত্রিলোকের স্থৃষ্টি স্থিতি এবং প্রলয়কারী ৰূপে বিরাজ কোচেন। অপরৈ কে আপনাকে স্মষ্টির কি দ্রব্য প্রদান কোত্তে পারে? যাহারা বলে আপনাকে অর্পণ কল্লেম, তাহাদিগাকে অতি সামান্ত জানিই বিবেচনা কোন্তে হয়। হে নাথ। আমার স্বামী যৌবন ধন, প্রভুত্ব ও সংসার মোহে মো-হিত হোয়ে আপনাকে লোকত্রয় অর্পণ কোরেছেন, এক্ষণে দেহার্পণদারা প্রতিশ্রুত রক্ষাকোত্তে ইচ্ছুক হোর্চেন। হে দেব! লোকত্ররে ও দেহাদিতে তাঁহার কিছুমাত্র প্রভুষ নাই; আপনি সর্কব্যাপী;ও স্তির সমস্ত বস্তুর একমাত্র প্রভু; আমার স্থামির অপরাধ ক্ষমাকোরে রূপা দৃষ্টি পাত করুন। আপনি ভক্তাধীন; আপনার ভক্তগণেকে আপনি সর্কতোমতে রুম্বা-

कारत थाकन, आमानिशक ज्ङ विस्वनना कारत तका कक्रन।

ব্রহ্মা। হে ভূতভাবন! হে ভূতেশ্বর! হে দেবাদিদেব! **(र जगनाथ! (र जक्रवर्मन! (र मिनवर्सा!** বিভো! আপনি বলির সর্বস্ব হরণ করাতেও দৈত্য-রাজ আপন দেহার্পণ কোরে সত্যরক্ষা কোত্তে সম্বর হোচে, ইহার প্রতি আর নিগ্রহ প্রদান করা কোন ক্রমেই উচিত হয় না, এক্ষণে উহাকে পরিমুক্ত করুন। হে প্রভো! এই অমুরশ্রেষ্ঠ বলি রুৎস্ন ভূমি এবং আ-পন কর্মাজ্জিত সমস্ত লোক প্রদান কোরেছে। যে ব্যক্তি অকুণ্ঠিত চিত্তে সর্কাধিকার ও আত্ম পর্যান্ত অ-র্পণ কোলে, সে আর কোনক্রমেই নিগ্রহের পাত্রী হোতে পারে না। হে দেব! যাহার। ভক্তিপুর্কক কেবল উদক ও ছর্কান্ধর আপনার পাদপলে সমর্পণ করে, তাহারা সক্ষতি প্রাপ্ত হয়, তবে অস্কুরবর বলিকে আপনি কি নিমিত্তে আর নিগ্রহ প্রদান কচেন ? বলি একাপ্র চিত্তে আপনার ঞীচরণ চিন্তাকোরে ত্রিভুবন ্রপ্রদান কেরেছে, স্বাপনি দৈত্যরাজের প্রতি রূপা প্র-কাশ করুন।

কৃষ্ণ। হে ব্রহ্মণ ! আমি যাহার প্রতি ক্নপা দৃষ্টিপাত করি, অত্তো তাহার সমুদায় অর্থ হরণ কোরে থাকি ; অর্থ বিশেষ অনিষ্টকর পদার্থ, অথেতেই মর্ত্তা জন্ম। অর্থ পরবশে লোকে অধীর হোয়ে সমুদায় লোককে এবং আমাকে অবজ্ঞা কোরে থাকে। লোকের অর্থ-হরণ করাই আমার কৃপাদৃষ্টির হেতু জানবে। হে চতু- রানন! জীবাসা আপন কর্মন্বারা কুমি, কীট বিবিধ
জন্মগ্রহণ কোরে তৎপর মনুষ্য দেহ ধারণ করে, সেই
মনুষ্য-জন্মে, যদি জন্ম, কর্মা, বয়সা, রূপ, বিদ্যা, ঐশ্বর্য্য
এবং ধনাদিতে তাহার মন্ততা না জন্মে, তাহাই আমার
মহৎ কুপা জানবে। আমি ধ্রুব প্রভৃতিকে যে বিভব
দান কোরেছি, তাহার হেডু আছে, যাহারা আমার
ভক্তা, তাহারা জনপ্রতাদির জন্ম ভূত ও সকল রূপ
শ্রেয়ের প্রতিকুল জন্মাদিতেও কুদাচিত মুগ্ধ হয় না;
একারণ আমি ভক্তের অভিপ্রায়ানুসারে কর্ম দান
কোরে থাকি; অভক্ত ব্যক্তি বিভবে মোহিত হোয়ে
ধাকে বলিয়া, তাহার আধিপত্য গ্রহণই আমার
অনুগ্রহ।

হে ব্রহ্মণ! বলিরাজা দৈত্যদিণের প্রধান, ও কীর্ত্তিবান; সহজেই তুর্জয়া মায়াকে জয় কোরেছে।
নিঃস্ব, স্থান-এই ও শক্র কর্তৃক আবদ্ধ হোয়ে উনাহের
সমৃশ হোয়েছে, ইহার আজিয়েরা ইহাকে পরিত্যাপ
কোরে অসীম মনোকই প্রদান কোরেছে; অধিক কি
বোলবো, ইহার যিনি উপদেইটা; সেই শুক্রাচার্র্যাও
ইহাকে কত ভৎ সনা কোরে শাপ প্রদান কোরেছেন;
তথাচ দানবেন্দ্র ত্যাপন সত্য পরিত্যাগ করে নাই।
আমি কত কপটাচার কলেম, তাহাতেও বলি ধর্ম
পরিত্যাগ কলেনা; একারণ আমি নিশ্চিত জেনেচি,
যে এ ব্যক্তি জত্যন্ত ভক্তিবান এবং সন্ত্যপ্রিয় ; হে
ব্রহ্মনা বলির এই পরম নিষ্ঠাচার হেতু আমি ইহাকে
সমর্রদিণের ত্র্লিভ্রাম প্রদান কোরেছি, এবং তামি

ষাপনি ইহার আত্রিত হোলেম। হে আত্মভো! मार्य प्रश्नेष्ठरत वह रिलितांक हेस्पद लांच कांत्ररवन, যাবৎকাল ঐ মন্বন্তর সমাগত না হয়, তাবৎকাল ইনি বিশ্বকর্মাক্বত স্কুতলপূরে গিয়া অধিবাদ করুন! ঐ সুতল্ঞ সামান্য স্থান নহে, তথায় ঘাঁহারা বাস করেন; আমার কুপাদৃষ্টিতে তাহাদিগকে আধি ্ব্যাধি ক্রান্তি, তন্ত্রা, পরাজয়, অথবা কোন প্রকার উপসর্কের অধীন হোতে হয়না। (বলির প্রতি) হে ইন্দ্রসেন! হে দানবেন্দ্র বলি! তুমি আআিয় ও স্বগণ সমতি-ব্যাহারে অমরগণের বাঞ্চনীয় সুতলে গমন কর, তথায় তুমি পরম সুথে অবস্থিতি কোরবে, অন্যের হথ। কি বোলবো, তথায় লোকপালেরাও তোমাকে পরাভব কোত্তে পারবেন না। অপর অপর দৈত্যগণ তোমার জাজা লঙ্কন কোলে আমার চক্রদারা সম্বরেই বিনষ্ট হবে, আমি তোমাকে সর্বতোমেতে রক্ষা (कांत्रवा।

বলি। (নিরব)

- কৃষ্ণ । তুমি কি আমার অদর্শনের জন্ম তথায় গমন কোত্তে ইচ্ছা কোজনা ? আমি নিশ্চিত বোলচি, তুমি তথায় আমাকে সর্দাদ দর্শন কোরবে। দৈত্য দানবদিগের সহবাসে যদ্যপি তোমার আসুরভাব উদ্ভব হয়, আমার কৃপাবলে তাহা সেই দণ্ডেই নই হবে।
- বলি। হে দেব ! আপনার উদ্দেশে নমস্ক্রিয়ার সহি-মার পরিসীমা নাই, আপনার পাদপল্মে নমকার করি-বার উদ্যোগ কোল্লে ভক্তজনের অভিলাব পূর্ণ হয় !

হে ভগবন! আপনি পরমাত্মা পরম প্রভা। আমি
অতি ক্ষুদ্র দৈতা; আমি আপনাকে ত্রিলোক প্রদান
কোরবো কি? আপনার পাদপদ্মে কেবল প্রণাম করবার উপক্রম কোরেছিলেম, তাহার যেমত মাহাত্মা;
কোটি তপঃ দান প্রভৃতিতেও সে রূপ লভ্য হয় না, সে
যাহা হোক, এক্ষণে আমি আপনাকে প্রণাম করি।
(প্রণাম করিয়া) হে দেব! এক্ষণে আপনি অনুমতি
করুন, আমি স্তুতলে গমন করি। সর্ব্ব পরিশেষে আন
মার এই প্রার্থনা, যেন সর্ব্বদা আপনার সর্ব্বাভীইপ্রদ

ক্লঞ্চ। তদ্বিষয়ে তোমার কিছু মাত্র চিন্তা নাই। (বলি ও বিশ্ব্যাবলির প্রস্থান)

প্র। হে ভগবন! বিশ্বের বন্দনীয় গণেরা আপনার ধ্বজ
বজ্ঞাল্ক শুল পরিশোভিত কমলা-দেবিত পদার-বি। ন্দের
আরাধনা কোরে থাকেন, আপনি " সর্মতোমতে রক্ষা
কোরবো,, বোলে আমাদের যে ছুর্গ রক্ষক হোয়ে
আছেন; আপনার এ রূপা অতি ছুর্লভ। হিরণাগর্ভ;
ভগবান ভূত ভাবন ভবানীপতি, ও আপনার ছুদ্য়
স্থিতা কমলাও এ রূপা প্রাপ্ত হন নাই। হে ভক্তের আভায় রূপ মহাপাদপ! আপনার পাদপদ্মের মধুপান
কোরে ব্রহ্মাদি অমর নিকর আপন আপন বিভৃতি
ভোগ কোজেন। হে দেব! আপনার চেফা অত্যন্ত
আশ্বর্যানীয়ে, আপনি অচিন্তা যোগমায়া সহকারে
জগৎ রচনা করেন। আপনি সর্কাআ এবং সর্ক্তে হেডু
সর্ক্রেই আপনার সম দৃষ্টি আছে; আপনি ভত্তের

প্রতি প্রীতি বশতঃ কম্পতক্লর স্বভাব ধারণ কোরে থাকেন।

কৃষ্ণ। বংস! তোমার বাক্যে বিশেষ প্রীতি লাভ কলেম, তোমার সর্বতোমতে মঙ্গল হোক, তুমি কিয়ৎকালের জন্য আপন পৌজের সহ সূত্রে বাস কোরেজ্ঞাতিগ-ণের মনোপ্রীতি জন্মাও। আমি হত্তে গদা ধারণ কোরে সর্বাহ্ণ বলির দ্বার রক্ষা কোরবো, তুমি তথায় আমাকে সর্বাদা দর্শন কোরবে।

প্র। ইহাপেকা আর কি সৌভাগ্য আছে, আপনার অমু-মতি ক্রে আমি তথায় গমন করি। প্রণাম হই (প্রণাম করিয়া)

(अश्लोरमत अञ्चान)

(अक्नों होर्रात्र अस्वम)

কৃষণ। (শুক্রাচার্য্যকে দেখিরা) হে দৈত্যগুরো! তোমার
শিষ্য বলির যজানুষ্ঠানের বাহা অবশীষ্ট আছে; তাহা
তুমি স্বরং সুসম্পন্ন কর। যজমান অভাবে কি ক্রপে
কার্য্য সুসম্পন্ন হবে, এমত অভিপ্রায় ব্যক্ত কোরো না
শ্বিপ্র কর্ত্বক দৃষ্ট হইবা মাত্রেই কর্ম সমূহের বৈষম্য
সম্বতা সম্পাদন হয়, তাহাতে অনুষ্ঠিত হইলেই সম
হবে, কিছু মাত্র সন্দেহ নাই।

শুক্র। হে বিশ্বারাধ্য বিশ্বপালক ভগবন; আপনি কর্ম প্রবর্ত্তক, যজ্ঞের ফলদাতা, ও যজ্ঞীয় পুরুষ; আপনি যাহা দ্বারা সর্কতোমতে প্রপূজিত হোলেন, তাহার আর কর্ম বৈষম্য কি বলুন? মন্ত্র হইতে স্বরাদি ভংশ, তন্ত্র হইতে ক্রম বৈপরীত্য, ও দেশকাল পাত্র ও বস্তু হোতে দক্ষিণাদি দ্বারা যাহ হ স্থানতা হয়, আপনার নাম উচ্চারণ মাত্রেই সে সকলই সম্পূর্ণ হোরে থাকে আপনি অনুজ্ঞা কোর্চেন, আপনার আজ্ঞা অবশ্রুই প্রতিপালন কোরবো, যে হেছু আপনার আজ্ঞাই পুরুর্বদিণের প্রমশ্রেয়ঃ প্রার্থনাক্রি, আপনার পাদ-পদ্মে মন যেন সর্কদা ভ্রমণ করে।

হে ভগবন ! হে পরাৎপর! হে পরাক্ষর ৷ হে স্প্রি-স্থিতি প্রলয়কারক! আপনি ক্ষেত্রজ্ঞ; অ্যুপ্রনি সর্বাধ্যক্ষ এবং সর্বসাক্ষী আপনাকে নমস্কার করি। হে দেবাদিদেব! আপনি ক্ষেত্র সকলের মূল, এখং মূলের উৎপল্লের পরম হেতু; কালে আপনি পূর্ণ স্বৰূপ; আপনাকে নমস্কার করি। আপনি ইন্দ্রিয় সমূহেব বিষয় দ্রম্ভা ! এবং সমূহ ইন্দ্রিয় বৃত্তিই আপ-নার ত্রাপক। অসৎ এবং অহ্ন্তার প্রপঞ্চ তৎকর্ত্ত ক অসক্রপ ছায়াদারা আপনি উজ হন; আপনাকে নমকার করি। প্রভাে! আপনি সকলের কারণ ৰূপ; কিন্তু আপনি স্বয়ং নিকারণ। আপনি অন্তুত কারণ; আপনার পাদপত্মে নমকার করি। আপনি মোক-র্পী; জাপনি সাধুজনের প্রমাশ্রয়। আপনার পাদ-প্রে নমস্কার করি। হে ভগবন ! আপনি গুণৰাপ অর্ণিতে আচ্চন্ন জ্ঞানাল স্বরূপ ; কিন্তু আপনি সমু-দয় গুণের কার্ন্যে কোন রুতি; রাথেন না। হে ·নাথ! আপনার চরিত্র অতিশয় ছুজেয়; **আ**পনি স্বৃত সিদ্ধ, আপনি কাল বশতঃ সমস্ত লোক এবং সক-লের কারণ, লোকপালনিকর বিনষ্ট হোলেও আপনি

তমোরাশির পারে থাকিয়া বিরাজমান হন। অপিচ আপনার জন্ম কর্ম নাই, নাম রূপ নাই, গুণ ছেব নাই;অথচ আপনি সর্ক রূপ। হে বিভো! আপনার পাদপত্মে নম্কার করি।

ওছে পরাৎপর প্রভো পতিত-পাবন। জগত তারণ তুমি পরম কারণ ।। স্ষ্টি স্থিতি প্রলয়ের তুমি মূলাধার। তুমি হে ত্রিগুণ তব মহিমা অপার।। ্ ভকত বৎসল তুমি করুণা নিধান। দেবের দেবতা তুমি দেব ভগবান।। মৎশু কুৰ্ম বরাহ নৃসিংহ ৰূপ ধারী। ভূমি হে বামন ৰূপ বলিদপ্তারী।। তমিহে পরশুরাম তুমি বলরাম। ভূমি দেব দয়াময় সীতাপতিরাম।। তুমি বৃদ্ধ অবতার তুমি কল্কি ৰূপ। তুমি নিরাকার দেব তুমিহে স্বরূপ।। ভক্তগণ বল্লভ হে ভক্তের জীবন। ভক্তানন্দ ৰূপ তব তুমি সনাতন !! তুমি নিত্যময় তুমি সপ্ত আবরণ। তুমি সপ্ত স্বৰ্গ সপ্ত পাতাল ভবন। তুমি বেদ বেদাস্তাদি তুমি সর্কময়। महामय मीनवटका अन्य शमहत्र।। (সকলের প্রস্থান)

(अक नमशु)

বামনভিকা

(সুতল)

- · O · -

বলিরাজার ভবন।

বলিরাজা সিংহাসনে আসীন।
ভগবান গদা হস্তে দ্বারে দণ্ডায়মান।
প্রকাদ ক্বতাঞ্চলিপুটে দণ্ডায়মান।

গীত।

রাগিণী ভৈরবী। তাল আড়া ঠেকা।
আহা কি স্তলে শোভা ধন্য বলির সদন।
গদা হন্তে দ্বারে দ্বারী হরি পতিতপাবন।।
ভক্তবৃদ্দগণ সবে, হরে কাল মহোৎসবে,
হরিধানি কর সবে, স্থথে হইরে মগন।।
সমাধা।

কলিকাতা চিৎপুররোড রুদ্দাবন বাসাকের ফ্রীট ১৭ ন ভবনে কবিতারত্বাক্র যত্ত্বে শ্রীঅদ্বিকাচরণ চট্টোপাধ্যায়ে ভারায় মুদ্রিত।

भूक्षा के कि	
कुरकारम्बन माठेक	
প্রভাব্যক	34
ঐ দিতীয়খণ্ড	3~
প্রভাসতীর্থ	35
बीडारश्रवण नाहेक	1.70
্রতরত্ব মাল।	3110
ভক্ষ বৈবর্ত্তপুরা ণ	8
উত্তরগীতা ,	3
প্রমার্থ বিজ্ঞানরত্বাকর	3
পরমার্থ ভ্রানরত্বাকর	5.
नलमभासी नाउंक	100
মানভিকা নাটক	140
হ রিভক্তি চঞ্চিকা	110
শকাৰলী অভিধান	,2
শস্থাৰ প্ৰকাশিকা	٩
क्ष्यदेशशांचार्यन नाष्ट्रक	140
ভ্ৰন্ধাণ্ডপুরাণ	2
নিদানাৰ্থ প্ৰকাশিকা	310
দুর্মাসাপারণ নাটক	14)-
রামের রাজ্যপ্রাপ্ত নাটক	14.
कानीटेक वन्यमात्रिमी	. 2
পৃষ্ঠাৰ	1100
ভারা বিলাপ	12.
রাধাপরিণয়	10